শ্যামা-সপর্য্যা-বিধি
শ্রীমৎ স্বামী পরমাত্মানন্দনাথ ভৈরব (গিরি)

শ্যামা-সপর্য্যা বিধি

(বীরাচারী কালীপূজা, অভিষিক্তের পর্বকৃত্য, ভৈরবীচক্রানুষ্ঠান, নিত্যপূজা, দীপান্বিতা-ফলহারিণী-রটন্তী কালীপূজা, কালীর বিভিন্ন ধ্যান, গুহ্যষোঢ়া, মহাষোঢ়া, যন্ত্র, ফর্দ্দমালা ও চক্রানুষ্ঠান বিষয়ক বিস্তৃত নির্দেশিকা সম্বলিত)

শ্রীমৎ স্বামী পরমাত্মানন্দনাথ ভৈরব (গিরি)

সদেশ

১০১বি, বিবেকানন্দ রোড কোলকাতা-৬

উৎসর্গ পত্র

মাতৃপূজার এই অর্ঘ্যটি পূজনীয়
শ্রীনন্দদুলাল পাঠক,
সর্বানন্দবংশাবতংস শ্রীমলিনবরণ চক্রবর্ত্তী ঠাকুর,
শ্রী সব্যসাচী মুখোপাধ্যায়
ও
শ্রী জীবনকৃষ্ণ চক্রবর্ত্তীর
শ্রীকরকমলে অর্পিত হ'লো।।

ভূমিকা

পরম করুণাময়ী শ্রীশ্রীব্রহ্মময়ীর অশেষ কৃপায় 'শ্যামাসপর্য্যা বিধি' আত্মপ্রকাশ করলো। এটি একটি কালীপূজা পদ্ধতি। তবে এই পদ্ধতি দেখে সাধারণ পূজকগণ, স্মার্তগণ বা বেদাচারীগণ পূজা করতে পারবেন না। উক্ত পথাবলম্বীদের পক্ষে এ গ্রন্থ পাঠ ও চর্চা অবিধেয়।

যাঁরা অভিষিক্ত অর্থাৎ ন্যূনপক্ষে পূর্ণাভিষিক্ত তাঁদের সুবিধার্থেই বরাত বিহীন করে এখানে পূজানুষ্ঠান সন্নিবেশিত করেছি। কোন বিশেষ সম্প্রদায়ের রীতিকে প্রাধান্য না দিয়ে সর্বতন্ত্রসম্মত ক্রমে এ পদ্ধতি লিখিত হয়েছে। সাধকগণ এই গ্রন্থ দৃষ্টে বিশুদ্ধ তন্ত্রমতে বীরাচারে পূজানুষ্ঠান নির্বাহ করতে পারবেন।

মদ্য, মাংস, মৎস্য, মুদ্রা ও মৈথুন — এই পঞ্চতত্ত্ব ব্যতীত বীরাচারীদের কোন পূজাই সিদ্ধ হয় না। পূর্ণাভিষিক্ত কৌল সাধকগণ এসব জানেন। যাঁরা অধিক জানতে ইচ্ছুক তাঁরা মদ্রচিত 'মহাচীনক্রমাচারসারতন্ত্র'-এর ভূমিকাটি পড়ে নেবেন। গ্রন্থকলেবর বৃদ্ধির ভয়ে একই বিষয়ের পুনরালোচনা করলাম না।

পঞ্চতত্ত্ব জ্ঞান ছাড়াও কৌল সাধকদের আরো কতগুলি বিষয় অবহিত থাকতে হয়। নইলে রহস্য পূজা বা পঞ্চতত্ত্বাত্মক পূজা সুচারুরূপে নিষ্পন্ন করা সম্ভব হয় না। এই অত্যাবশ্যক বিষয়গুলি সংক্ষেপে সরলাকারে নিম্নে সন্নিবেশিত করে দিলাম।

পঞ্চতত্ত্বদ্বারা পূজা বীরের নিত্যকর্ম্ম। যিনি নিত্যই পঞ্চতত্ত্বদ্বারা দেবতার অর্চ্চনা করেন তিনিই উত্তম কৌল। যিনি পর্বাহে পর্বাহে পূজা করেন, তিনি মধ্যম। যিনি মাসমধ্যে দিনচতুষ্টয় পূজা করেন তিনি অধম। এই দিনচতুষ্টয় তন্ত্রে নির্দিষ্ট হয়েছে। যাঁরা প্রবৃত্তভাবে অর্থাৎ কোনরূপ কামনাযুক্ত হয়ে পূজা করেন, তাঁদের পক্ষে শুক্লাষ্টমী, পূর্ণিমা, শুক্লপক্ষের একটি মঙ্গলবার ও শুক্লপক্ষের অভিষেক তিথি এই দিনচতুষ্টয় প্রশস্ত। যাঁরা নিবৃত্তভাবে অর্থাৎ কামনাশূন্য হয়ে পূজা করেন, তাঁদের পক্ষেকৃষ্ণাষ্টমী, অমাবস্যা, কৃষ্ণপক্ষের একটি মঙ্গলবার ও কৃষ্ণপক্ষের অভিষেক-তিথি এই দিন চতুষ্টয় প্রশস্ত। মাসমধ্যে এই চারদিন যাঁরা পূজা করেন, তাঁরা অধম। যিনি মাসমধ্যে একদিন অর্থাৎ কুলাষ্টমীতে পঞ্চতত্ত্বদ্বারা পূজা করেন, তিনি কৌলমধ্যে অধমাধম। পরন্তু যিনি একমাস অর্থাৎ কুলাষ্টমীও লঙ্ঘন করেন, তিনি পতিত ও পুনরভিষেকার্হ। বিশেষ কারণ বশতঃ যিনি কুলাষ্টমীতেও পঞ্চতত্ত্বদ্বারা পূজা করতে অসমর্থ, তিনি অনুকল্প দ্বারাও পূজা করবেন। যিনি একেবারে নিঃস্ব, তিনি কোন কৌলের গৃহ থেকে কারণ ভিক্ষা করবেন এবং তদলাভে জল এনে কারণস্বরূপ বিবেচনাপূর্বক সংস্কার তর্পণ ও নিবেদন করে তাই পান করবেন। এ স্থানেও প্রবৃত্তি ও নিবৃত্তি ভেদে শুক্লাষ্টমী ও কৃষ্ণাষ্টমীই কুলাষ্টমী।

কুব্জিকাতন্ত্রে আছে, —

সাধ্যে প্রথমকল্পস্য যোহনুকল্পেন বর্ত্ততে।

স দুর্গতিমবাপ্নোতি যোগিনীশাপতো ধ্রুবম্।।

অর্থাৎ যিনি মুখ্যকল্পে সক্ষম হয়েও অনুকল্প ব্যবহার করেন, তিনি যোগিনীশাপে মন্দগতি প্রাপ্ত হন। শাস্ত্রে যে, 'নানুকল্পঃ কলৌ যুগে' কলিযুগে অনুকল্প নেই বলা হয়েছে, তাও এইরূপ সক্ষম সাধকপক্ষে ব্যবস্থাপিত। অক্ষমপক্ষে বা অভাবপক্ষে শিব বলেছেন—

সর্বদ্রব্যাদ্যভাবেহপি পর্বকৃত্যং ন লোপয়েৎ।

অনুকল্পেনাপি কার্য্যং কর্ম্মলোপং ন কারয়েৎ।।

অর্থাৎ এই পঞ্চতত্ত্বের বা সর্বদ্রব্যের অভাবেও অনুকল্পের দ্বারা কার্য্য করবে, পরন্তু একেবারে কর্মলোপ করবে না।

স্বকীয়া শক্তি যদি সাধনে উপযুক্তা হন, তা হলে তাঁকে নিয়েই সাধন করা বিধেয়। যথা —

কুপ্যন্তি কুলযোগিন্যঃ বনিতানামতিক্রমাৎ।।

কৌলিকার্চ্চনদীপিকাতে, —

আদ্যাশক্তিং বিনা পূজা অভিচারায় কল্পতে ...

আদ্যাশক্তিঃ স্বদারা স্যাৎ তামেবাশ্রিত্য সাধয়েৎ।

শক্তিযোগ্যা ন সা চেত্তু তদন্যামপি চাশ্রয়েৎ।।

স্বশক্তি অযোগ্যা হলে অন্য শক্তি গ্রহণ করা যেতে পারে। তন্মধ্যে গ্রাহ্যাশক্তি, যথা— কুলার্ণবে, —

সুরূপা তরুণী কান্তা স্বকুলাদ্যুদিতা শুচিঃ।

শঙ্কাহীনা ভক্তিযুক্তা গূঢ়শাস্ত্রোপযোগিনী।।

অলোলুপা সুশীলা চ স্মিতাস্যা প্রিয়বাদিনী।

গুরুদৈবতসদ্ভক্তা সুচিত্তা কৌলিকপ্রিয়া।।

বিমৎসরা বিশেষজ্ঞা দেবতাসাধনোৎসুকা।

মনোহরা সদাচারা শক্তিরেকা সুলক্ষণা।।

কনিষ্ঠ অধিকারিগণ স্ব স্ব জাতীয়া শক্তির অর্চনা করবেন। যথা শ্রীক্রমে, —

ব্রাহ্মণো ব্রাহ্মণীমর্চ্চেৎ ক্ষত্রঃ ক্ষত্রাং তথাপরে।।

মধ্যম অধিকারিগণ ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্যজাতীয়া শক্তিপূজা করবেন যথা, —

ব্রহ্মক্ষত্রবিশাং কন্যাঃ পূজ্যাঃ নান্যাঃ কদাচন।

উত্তম অধিকারিগণ সর্বজাতীয়া শক্তিই পূজা করতে পারবেন। যথা —

শক্তয়ঃ সর্ব্বজাতীয়াঃ পূজনীয়াঃ ন সংশয়ঃ।

বিশেষ বৈদগ্ধ্যযুতাঃ সর্ব্বা এব কুলাঙ্গনাঃ।

পরন্তু, সাধনে শ্রেষ্ঠজাতীয়া শক্তিগ্রহণ করা নিষিদ্ধ। যথা, নিরুত্তরতন্ত্রে —

শ্রেষ্ঠবর্ণোদ্ভবাং রম্ভাং সাধনে নৈবসাধয়েৎ।

সাধনে সিদ্ধিহানিঃ স্যাৎ রৌরবং নরকং ব্রজেৎ।।

শক্তিপূজায় জাতিবিচার নিষিদ্ধ আছে; তা ব্রাহ্মণাদি শ্রেষ্ঠ জাতীয়ের অন্যান্য জাতীয়া শক্তিকে অবহেলা করার বিরুদ্ধে ব্যবস্থাপিত। নিরুত্তর তন্ত্রে আছে, —

শ্রীবিদ্যা ন চ সিদ্ধন্তি ব্রাহ্মণীগমনং বিনা।

ইহা ব্রাহ্মণের পক্ষেই ব্যবস্থাপিত। যথা, —

সর্ব্বাবস্থাং পরিত্যজ্য সাধয়েদ্ দ্বিজজাং দ্বিজঃ।

এতদ্ব্যতীত নটী, কাপালিকী, বেশ্যা, রজকী, প্রভৃতি সংজ্ঞা জাতিগত নয়। সকল জাতীয়া শক্তিই কার্য্যভেদে এই রূপ ভিন্ন ভিন্ন সংজ্ঞাপ্রাপ্ত হন। যথা, —

আসাং, কার্য্যবিভেদতঃ।

চতুর্ব্বর্ণোদ্ভবানাঞ্চ এতাঃ সংজ্ঞাঃ প্রকীর্ত্তিতাঃ।।

শ্রেষ্ঠজাতীয়া শক্তিকে কেবল পূজা করা যেতে পারে। অনভিষিক্তা শক্তিকে চক্রে বসান নিষেধ কিন্তু সংক্ষেপে অভিষেক বা শোধন করে নিয়ে বসান যেতে পারে। যথা, নিরুত্তরতন্ত্রে—

নাভিষিক্তো বসেচ্চক্রে নাভিষিক্তা চ কৌলিকী।

বসেচ্চ রৌরবং যাতি সত্যং সত্যং ন সংশয়ঃ।।

নানাবীরাশ্রিতা ও পশুসঙ্গতা শক্তিও অগ্রাহ্য, যথা —

নানাবীরাশ্রিতা বেশ্যা পশুসঙ্গগতা চ যা।

বর্জ্জনীয়া প্রযত্নেন কুলসাধনকর্ম্মণি।।

এক্ষেত্রেও শোধন করে নেওয়া যেতে পারে। যথা কৌলাবলীতে —

দীক্ষিতা মনুনা যেন কেন মূলেন বা পুনঃ!

কুলসাধনে বিধবাকে পূজা করাও নিষিদ্ধ। কিন্তু সংক্ষেপে অভিষেক করে নেওয়া যায়।

যথা শ্যামারহস্যে —

শিবহীনা চ যা শক্তির্দূরে তাং পরিবর্জ্জয়েৎ।

অভিষেকাদ্ভবেৎ শুদ্ধির্মন্ত্রোচ্চারণতঃ শ্রুতৌ।।

পূজার্হা শক্তি পতিহীনা হলেও পূজা করবে। যথা, নিরুত্তরতন্ত্রে —

পূজার্হা সা মহেশানি পতিহীনা প্রপূজয়েৎ।

ত্যাজ্যাশক্তি যথা, কৌলিকার্চ্চনচন্দ্রিকা, —

ব্যঙ্গাঙ্গীং বিকৃতাঙ্গীং চ ন্যূনাঙ্গীমধিকাং তথা।

গুর্ব্বিণীঞ্চ রজোহীনাং কেশদন্ত বিবর্জ্জিতা।

ক্রন্দিতাং রোষিতাং দুষ্টাং রোগশোকসমাকুলাম্।

নিদ্রালস্যযুতাং ক্রূরাং নিষ্ঠুরাং পরিবর্জ্জয়েৎ।

অর্থাৎ ব্যঙ্গাঙ্গী, বিকৃতাঙ্গী, ন্যূনাঙ্গী, অধিকাঙ্গী, গর্ভিনী, রজোহীনা, কেশ ও দন্তহীনা, ক্রন্দনকারিণী, রুষ্টা, দুষ্টা, রোগাতুরা, শোকাকুলা, নিদ্রা ও আলস্যযুক্তা, ক্রূরা ও নিষ্ঠুরা শক্তি বর্জন করবে। কুলার্ণবে ত্যজ্যা শক্তি যথা, —

দুষ্টোগ্রা কর্কশা স্তব্ধা কুৎসিতা কুলদূষিতা।
পরাধীনা ভাবহীনা দুরাচারাতুরালসা।
নিদ্রাসক্তাতিদুর্ম্মেধা হীনাঙ্গী ব্যাধিপীড়িতা।
দুর্গন্ধা দুঃখিতা মূঢ়া বৃদ্ধোন্মত্তরহস্যভিৎ।
কুতর্কা কুৎসিতা লাপা নির্লজ্জা কলহপ্রিয়া।
বিরূপোন্মার্গগা দুষ্টা পঙ্গু-অন্ধবিকৃতাননা।
ঈদৃশীং মন্ত্রযুক্তাঞ্চ শক্তিযোগে বিবর্জ্জয়েৎ।।

কৌলাবলীতে, —

গুরোঃ স্নুষা চ কন্যা চ স্বপত্নী মন্ত্রপুত্রিকা।
এতস্যা রমণং বর্জ্জ্যং ব্রহ্মবিন্মানসেন চ।।
কৌলিকস্য চ পত্নী বৈ সাক্ষাৎ সিদ্ধিশ্বরী শিবা।
তস্যা রমণমাত্রেন কৌলিকো নারকী ভবেৎ।।
মাতাপি গৌরবাদ্বর্জ্জ্যা, ইত্যাদি।

পরন্তু পরশক্তি গ্রহণকালে সদাশিবের আদেশের প্রতি দৃষ্টি রাখতে হবে। যথা, নিরুত্তরতন্ত্রে —

সিদ্ধমন্ত্রী কুলাচারে পরযোষাং প্রপূজয়েৎ।।

কৌলাবলীতে আছে —

গর্ভনিঃসারকালে তু বালকো হি দিগম্বরঃ।
জননীজঠরাদ্‌যোনিরন্ধ্রদ্বারাদ্বহির্ভবন্।
জননীযোনিসম্বন্ধং স্বতঃ সিদ্ধোহপি গচ্ছতি!
এবং বিচার্যমানে হি কো ন স্যাদ্‌গুরুতল্পগঃ।
নির্বিকার তয়া নাত্র ভবে~ ~ দন্যথা ততঃ।
অতএব যদা যস্য বাসনা কুৎসিতা ভবেৎ।
তদা দোষায় ভবতি নান্যথা দূষণং ক্বচিৎ।
নির্ব্বিকল্পমনা ভূত্বা চিন্ময়ীং সমুপাসয়েৎ।
তদারূঢ়েষু বীরেষু কার্যাকার্যং ন বিদ্যতে।।

বস্তুতঃ নির্ব্বিকল্পমানসে শক্তিসাধনায় দোষ নেই। 'ভাবেন চুম্বিতা কান্তা ভাবেন দুহিতাননম্।'

একাকী চক্রানুষ্ঠান নিষিদ্ধ। বহুসাধক নিয়ে অর্থাৎ সশক্তিক অষ্টাধিক সাধক নিয়েও চক্রানুষ্ঠান বিধেয় নয়। এস্থানে আটজন সাধক ও আটজন শক্তিতে ষোলজন হলো।

পাষণ্ড, মূর্খ ও পামরের সঙ্গে অনুষ্ঠান অবিধেয়। যে সকল কৌল কেবল মদ্যপানাসক্ত, স্ত্রীলোলুপ, নিজকর্ম থেকে পরিভ্রষ্ট, অপরার্চিত চক্রে কেবল মদ্যপানেই রত, কুলশাস্ত্রের দোহাই দিয়ে লোককে প্রতারিত করে এবং পানভোজনে লুব্ধ, তাদেরকেই পাষণ্ড বলে। কুলজ্ঞানবিহীন ব্যক্তিকে মূর্খ বলে। যে ব্যক্তি অন্যের বাক্য অবহেলা করে আপনার বুদ্ধিকেই প্রশস্ত বলে বিবেচনা করে, তাকেই পামর বলে। অপর তাজ্য কৌল যথা, সময়াতন্ত্রে ও কৌলাবলীতে — অন্ধ, খঞ্জ, বধির, কুব্জ, ব্যাধিপীড়িত, কুৎসিত, কুনখী, কুষ্ঠগ্রস্ত, ব্যঙ্গাঙ্গ, বিকলাঙ্গ, শঠ, অজ্ঞানী, পতিত, মূর্খ, পাষণ্ড, বহুজল্পক, বহুভোজী ও অসন্তুষ্ট, লুব্ধ, দীন, দুঃখিত, হীনাঙ্গ ও অধিকাঙ্গবিশিষ্ট, বাতুল, চিররোগী, শোক ও মোহকুল, ত্রস্ত, কামুক, ক্রোধী, খল, নিষ্ঠুর, দুর্মুখ, ক্রূর, মিথ্যাবাদী, পরাপবাদী, পরনিন্দাপরায়ণ, নিকৃষ্ট, দাম্ভিক, ভ্রান্ত, অশান্ত, পরবঞ্চক, শূদ্রযাজক, শূদ্রান্নভোজী, পরাধীন ও নরসেবাপরায়ণ, ত্যক্তদার, নপুংসক ও অনিবেদিতভোজী। যিনি প্রেতশ্রাদ্ধের অন্ন ভক্ষণ করেন ও তীর্থে দান গ্রহণ করেন তাকে, অশীত্যূর্ধ্ববয়স্ক দন্তহীন জরাগ্রস্ত ব্যক্তি (অর্থাৎ অতি বার্দ্ধক্যবশতঃ বিভ্রান্তচিত্ত) এবং আত্মপ্রশংসক ও ধূর্ত্তকে দেবতাজ্ঞানে পূজা করবে না। জপপূজাবিহীন ভ্রষ্ট সাধকেরও অর্চনা নিষিদ্ধ।

অগ্রে বিজয়া নিবেদনপূর্বক গ্রহণ করে পরে পূজাদি করাই বিধেয়। যথা বিমলাতন্ত্রে—

যদ্‌যদ্বিধীয়তে কর্ম্ম সাধকৈঃ কুলকৌলিকৈঃ।
তৎপূর্ব্বং বিজয়া গ্রাহ্যং নান্যথা জায়তে ফলম্।।

কৌলিকার্চ্চনচন্দ্রিকায় —

আদ্যমদ্যং বিনা মদ্যং নিষ্ফলং নাত্র সংশয়ঃ।।
... বিজয়াত্বাদ্যমদ্যং স্যাৎ।।

কৌলাবলীতে —

সম্বিদাসবয়োর্ম্মধ্যে সম্বিদেব গরীয়সী।
বিজয়াগ্রহণং কৃত্বা ধ্যানং যঃ কুরুতে নরঃ।
তদা ধ্যানময়ী মূর্ত্তিঃ প্রত্যক্ষা তস্য জায়তে!
সম্বিৎ প্রয়োগস্তেনেহ পূজাদৌ সাধকোত্তমৈঃ। ইত্যাদি।

বিজয়া স্বীকার না করে প্রথম তত্ত্ব স্বীকার এক প্রকার নিষিদ্ধ হলো। এই জন্য বিজয়া আদ্যমদ্য নামে অভিহিত হয়েছে।

অন্যত্র আছে —

তুলসীবর্জ্জিতা পূজা সা পূজা বিফলা ভবেৎ।।

অর্থাৎ বিজয়া ব্যতিরেকে পূজাই নিষ্ফল। তুলসী বিজয়ার নামান্তর।

যুগ্ম যুগ্ম সাধকশক্তিকে পৃথক্ পৃথক্ আসন দিতে হবে। কারণ একাসনে বসে অনুষ্ঠান করলে নিরয়গামী হতে হয়। এইরূপ একপাত্রে একাধিক সাধক বা শক্তির পানও নিষিদ্ধ। শক্তিদিগের স্বতন্ত্র স্থানে ও সাধকদিগের স্বতন্ত্র স্থানে অথবা তাঁদের ইচ্ছানুসারে যুগ্ম যুগ্মক্রমে উপবেশন করাতে হবে। প্রথমে স্বদক্ষিণে গুরুশক্তি ও তাঁর দক্ষিণে গুরুকে উপবেন করিয়ে তাঁদের আজ্ঞা নিয়ে অন্যান্য শক্তি-সাধককে যথারীতি জ্যেষ্ঠ কনিষ্ট ক্রমে বসাবে। গুরুপুত্র, গুরুভ্রাতা ও গুরুবংশসম্ভূত সাধককে গুরুশক্তির বামে নিজ দক্ষিণে বসাতে হবে। তৎপরে জ্ঞানজ্যেষ্ঠ ও তপোজ্যেষ্ঠ সাধকদিগকে দক্ষিণে বসাবে। নিজ শক্তিকে স্ববামে বসিয়ে তৎপরে কনিষ্ঠদিগকে বামে বসাবে। মাতা, তপোজ্যেষ্ঠা শক্তি ও মান্যার্হা শক্তিকে দক্ষিণে বসাতে হয়। স্বশক্তিকে দক্ষিণে বসাতে নেই। দক্ষিণে বসালে তিনি মাতৃস্বরূপা হন ও আর তিনি পঞ্চমার্হা হন না। দক্ষিণে উপবেশনযোগ্যা শক্তিদিগকে বামে বসালে গুরুপত্নী অতিক্রম দোষ জন্মে।

এইরূপ ভাবে উপবেশন করিয়ে সাধকদিগের ললাটে গন্ধচন্দন দ্বারা ও শক্তিদিগের ললাটে অক্ষত সহিত গন্ধচন্দনাদি দ্বারা তিলকদান পূর্বক সামর্থ্যানুসারে গন্ধপুষ্পবস্ত্রাদি দ্বারা তাঁদের অর্চনা করবে।

পরিবেশনক্রম বলা হচ্ছে। যথা কৌলিকার্চ্চনদীপিকাধৃত সময়াতন্ত্রে —

গুরুশক্তৌ চ গুরবে স্বশক্তৌ চ ততঃ পরম্।
ততো দক্ষস্থ-জ্যেষ্ঠেভ্যঃ কনিষ্ঠেভ্যস্ততঃ পরম্।।
স্বপাত্রে চ সমাদায় ততঃ সাময়িকৈঃ সহ।
ধ্যাত্বা স্তুত্বা নমস্কৃত্য জুহুয়াৎ কুণ্ডলীমুখে।।

অর্থাৎ প্রথমে গুরুশক্তির পাত্রে পরিবেশন করবে, পরে গুরুপাত্রে, পরে নিজশক্তিপাত্রে, তৎপরে দক্ষস্থিত জ্যেষ্ঠ সাধকপাত্রে ও তদন্তে বামদিকে উপবিষ্ট সাধকপাত্রে পরিবেশন করবে; এবং সর্বশেষ স্বপাত্রে নিতে হবে।

যদি কোন সাধক মহাপাত্র আনয়ন করেন তা হলে সেই পাত্রেই প্রথমে পরিবেশন করতে হবে।

সাধকগণের মধ্যে জ্যেষ্ঠ কনিষ্ঠ নিরূপিত হচ্ছে। শ্রীচক্রে বর্ণভেদ বিচার নেই। সকলেই ব্রাহ্মণসদৃশ। পূর্ণাভিষিক্ত অপেক্ষা ক্রমদীক্ষিত জ্যেষ্ঠ, ক্রমদীক্ষিত থেকে সাম্রাজ্যদীক্ষিত শ্রেষ্ঠ, এইরূপ উচ্চসংস্কারাপন্ন সাধকই অন্য সাধক অপেক্ষা জ্যেষ্ঠ বলে পরিগণিত হয়ে থাকেন। কৌলিকার্চ্চনদীপিকাতে আছে —

জ্ঞানবৃদ্ধান্ তপোজ্যেষ্ঠান্ স্বদক্ষিণে সমর্চ্চয়েৎ।।

এর দ্বারা প্রতিপন্ন হচ্ছে যে, সমান সংস্কারাপন্ন সাধকবর্গের মধ্যে জ্ঞানবৃদ্ধ ও তপোজ্যেষ্ঠ সাধকই জ্যেষ্ঠ বলে পরিগণিত হয়ে থাকেন। পরন্তু তপস্যানিরত তুল্য সাধকবর্গের মধ্যে কুলশাস্ত্রজ্ঞানসম্পন্ন সাধকই জ্যেষ্ঠ।

যথা কুলার্ণবে —

দ্বিজোঽপি দীক্ষিতঃ পশ্চাদন্ত্যজঃ পূৰ্ব্বদীক্ষিতঃ।

দ্বিজঃ কনিষ্ঠঃ স জ্যেষ্ঠ ইতি শাস্ত্রস্য নির্ণয়ঃ।।

সমুদায় সাধক থেকে গুরুবংশসম্ভূত সাধক জ্যেষ্ঠ, তদপেক্ষা গুরুভ্রাতা জ্যেষ্ঠ, তদপেক্ষা গুরুপুত্র জ্যেষ্ঠ এবং সর্বাপেক্ষা গুরুপত্নী ও গুরু জ্যেষ্ঠ। জ্যেষ্ঠ কনিষ্ঠের মধ্যে সাধক যেরূপ ভাবে গৃহীত হবেন, তাঁর শক্তিও বিনা বিচারে তৎসদৃশী হয়ে তাঁর বামে উপবেশন করবেন। কিন্তু সকল সাধকেরই আপনাকে অন্য সাধক অপেক্ষা কনিষ্ঠ জ্ঞান করা উচিত।

যথা কুলার্ণবে —

অহং গুরুরহং জ্যেষ্ঠস্ত্বহং বেদ্মীতি গর্বিতঃ।

অহমেব গতির্যেষাং কৌলিকা ন ভবন্তি তে।।

স্বর্ণপাত্র, রৌপ্যপাত্র, শিলাপাত্র, কৌর্মপাত্র, কপালপাত্র, মৃণ্ময়পাত্র, নারিকেলপাত্র, শঙ্খ এবং মুক্তাশুক্তির পাত্র অথবা পুণ্যবৃক্ষসমুদ্ভূত কাষ্ঠপাত্রই বিহিত। এতন্মধ্যে (যথাবিহিত) কপালপাত্রই শ্রেষ্ঠ এবং এতদ্ব্যতীত অন্যপাত্র অপেক্ষা নারিকেল পাত্র প্রশস্ত। কাংস্য, তাম্র প্রভৃতি অন্যধাতু বিনির্ম্মিত পাত্র নিষিদ্ধ। অতিসূক্ষ্ম, অতিস্থূল ও ফাটা পাত্র বর্জন করতে হবে। পাত্র পরিমাণ যথা, — দ্রব্যং বাণাক্ষিতৌলকম্।। অন্যত্র আছে — নয়নাগ্নিবাণসংখ্যকৈর্যস্তু পরমেশ্বরি। ইত্যাদি। এস্থানে এক তোলায় কর্ষ। যথা — গুঞ্জাদ্বাদশমাষঃ স্যাত্তদষ্টৌ কর্ষ উচ্যতে। অতএব দুইতোলা, তিনতোলা, বা পাঁচতোলা দ্রব্য ধরে এইরূপ পাত্র করতে হবে। এর ন্যূনাধিক না হয়।

পাত্র স্থাপন কালে পাত্র বিশেষে বিশেষ বিধিও দৃষ্ট হয়। গুরুপাত্র-সুবর্ণময়, বীরপাত্র শঙ্খ, পাদ্যপাত্র তাম্রময়, আচমনীয় পাত্র কাংস্যজ এবং রাজত বা কপালপাত্র শ্রীপাত্ররূপে ব্যবহৃত হবে। অভাবে অন্যান্য বিহিত পাত্র স্থাপন করলে দোষ হয় না।

পূজ্যপূজকের মধ্যে অর্থাৎ সাধকের সম্মুখে শ্রীপাত্র স্থাপন করে বামদিকে ঘট ও শ্রীপাত্রের মধ্যে, ঘটের নিকটে গুরুপাত্র স্থাপনা করতে হবে। তৎপরে গুরুপাত্র ও শ্রীপাত্রের মধ্যে গুরুপাত্রের নিকটে ভোগপাত্র ও তৎপরে এইরূপ ক্রমে শক্তিপাত্র ও তৎপরে যোগিনী-পাত্র, তৎপরে বীরপাত্র তদন্তিকে বলিপাত্র, তৎপরে পাদ্যপাত্র এবং পাদ্যপাত্রের পরে আচমনীয় পাত্র স্থাপনা করতে হবে। সপ্তপাত্রস্থাপনাকল্পে শ্রীপাত্র, গুরুপাত্র, ভোগপাত্র, শক্তিপাত্র, যোগিনীপাত্র, বীরপাত্র ও বলিপাত্র স্থাপন করতে হবে। পঞ্চপাত্রকল্পে শ্রীপাত্র, গুরুপাত্র, ভোগপাত্র, যোগিনীপাত্র ও বলিপাত্র স্থাপনই বিধেয়। ত্রিপাত্রকল্পে, শ্রীপাত্র, গুরুপাত্র ও ভোগপাত্রই স্থাপন করতে হবে। এর ন্যূনাধিক হবে না।

এখন কোন্ পাত্রে কি কার্য্য হবে নির্ণীত হচ্ছে। শ্রীপাত্রামৃতদ্বারা মূলদেবতার, আনন্দভৈরবের ও আনন্দভৈরবীর তর্পণ করতে হবে। গুরুপাত্রামৃতে গুরুপরম্পরার ও

গুরুপংক্তির এবং ব্রহ্মের তর্পণ হবে। শক্তিপাত্রামৃতে আবরণদেবতার অন্তর্গত (ব্রাহ্ম্যাদি) শক্তিদিগের তর্পণ হবে। যোগিনীপাত্রামৃতে (কালীদেব্যম্বা প্রভৃতি) আবরণান্তর্গত যোগিনীদিগের তর্পণ হবে। বীরপাত্রামৃতে আবরণদেবতার অন্তর্গত (দিকপালাদি পুরুষ-দেবতার) তর্পণ হবে। বলিপাত্রামৃতে গণেশ, ক্ষেত্রপাল ও বটুকাদির তর্পণ হবে। সকল দেবতারই উপচার ও বলিনিবেদন বলিপাত্রামৃত-প্রোক্ষণেই করতে হবে। পাদ্যপাত্র থেকে সকল দেবতার পাদ্য এবং আচমনীয়পাত্র থেকে আচমনীয় নিবেদিত হবে। বাহন, ভৈরব, ঋষি ও অন্যান্য যাবতীয় দেবতার তর্পণ ভোগপাত্রামৃতদ্বারা হবে। যে দেবতার যে পাত্র থেকে তর্পণ হবে, সেই দেবতার ষড়ঙ্গের ও অস্ত্রাদির তর্পণও সেই পাত্র থেকে হবে। যাগমণ্ডপ বা স্থণ্ডিলাদি প্রোক্ষণ সামান্যার্ঘ্য জলেই হবে।

সপ্ত বা পঞ্চপাত্রকল্পে পাদ্য ও আচমনীয় বলিপাত্র হতে দিতে হবে। শক্তিপাত্র ও বীরপাত্রের অভাবে তার কার্য্য ভোগপাত্র থেকেই হবে।

অসমর্থপক্ষে সমস্ত বলির পরিবর্ত্তে কেবলমাত্র সর্বভূতের বলি নিবেদন করলেও হবে। যথা শ্রীতত্ত্বচিন্তামণিতে —

অথবা সর্বভূতেভ্যো বলিমেকং সমাচরেৎ।

চক্রানুষ্ঠানের সময় স্ব স্ব ভোজন পাত্রের দক্ষিণে নিজ নিজ সুধাপাত্র স্থাপন করা বিধেয়। প্রমাণ যথা, মহানির্বাণতন্ত্র ৬ উঃ —

"আধারোপরি সংস্থাপ্য শুদ্ধিপাত্রস্য দক্ষিণে।
মহাপ্রসাদমানীয় পাত্রেষু পরিবেশয়েৎ।"

একপাত্র থেকে বহুশক্তিকে বা বহু সাধককে পরিবেশন করা অসম্ভব। এই নিমিত্ত কলসস্থিত বা পাত্রান্তরে রক্ষিত কারণের সঙ্গে তত্তৎ পাত্রস্থিত কারণ সকল শক্তিকে বা সাধককে কিঞ্চিৎ কিঞ্চিৎ পরিবেশন করা কর্ত্তব্য।

পঞ্চমপাত্র গ্রহণান্তে পঞ্চমারম্ভ করতে হয়, এবং তত্ত্ত্যাগের পরে আর পাত্রগ্রহণের অধিকার নেই। সক্ষম পক্ষে পঞ্চমপাত্রান্তে আরম্ভ করে একাদশপাত্রান্তে তত্ত্বত্যাগই বিধেয়। অক্ষম পক্ষে যুগ্মেতর পাত্রে অর্থাৎ নবম, সপ্তম বা পঞ্চমপাত্র গ্রহণান্তে তত্ত্বত্যাগ ও এতদনুরোধে সেই স্থানেই চক্র সমাপন বিধেয়। একাদশপাত্রান্তেও পঞ্চমাসক্ত সাধক ঐরূপ যুগ্মেতর পাত্রে পূর্ণাহুতি প্রদান করবেন। অতঃপর আর পাত্রগ্রহণ নিষিদ্ধ। এর প্রমাণ যথা —

'অন্তে পূর্ণাহুতিং চরেৎ।'

যুগ্মেতর পাত্রে পূর্ণাহুতির প্রমাণ যথা, —

পঞ্চমে পঞ্চমং কুর্য্যাদ্‌যাবদেকাদশাবধি।
যুগ্মেতরেহথবাশক্তৌ দদ্যাৎ পূর্ণাহুতিং বুধঃ।।

পঞ্চমারম্ভ মন্ত্র যথা, —

ওঁ ধর্ম্মা-ধর্ম্মহবির্দ্দীপ্তে আত্মাগ্নৌ মনসা স্রুচা।

সুষুম্নাবর্ত্মনা নিত্যমক্ষবৃত্তীর্জুহোম্যহম্। (বীজ) স্বাহা।।

এই মন্ত্রে গজতুণ্ডাখ্যমুদ্রায় শিবশক্তির সমাযোগ করতে হবে। তত্ত্বত্যাগকালে মন্ত্র যথা,—

ওঁ প্রকাশাকাশহস্তাভ্যামবলম্ব্যোন্মনী স্রুচা।

ধর্ম্মাধর্ম্মকলাস্নেহপূর্ণমগ্নৌ জুহোম্যহম্। (বীজ) স্বাহা।।

তত্ত্বত্যাগের পর সাধক, —

শুক্রৈরক্ষততণ্ডুলৈঃ সুগন্ধৈঃ কুসুমৈর্যুতৈঃ।

অর্ঘ্যদ্রব্যৈশ্চ দেবেশি যোনৌ দেবীং প্রপূজয়েৎ।।

সাধকদিগের সর্বত্র পঞ্চমকালে যথাযথ এই মন্ত্র পাঠ করা কর্ত্তব্য। পঞ্চমের অভাবে দেবীধ্যান ও জপ করা কর্ত্তব্য। যথা মহানির্ব্বাণতন্ত্রে —

অতস্তেষাং প্রতিনিধৌ শেষতত্ত্বস্য পার্ব্বতি।

ধ্যানং দেব্যাঃ পদাম্ভোজে স্বেষ্টমন্ত্রজপস্তথা।।

চক্রমধ্যে ঘট ভগ্ন হলে, পাত্র ভূমে পতিত হলে অথবা দীপ নির্বাপিত হলে, তার প্রায়শ্চিত্তস্বরূপ পুনরায় চক্রানুষ্ঠান কর্ত্তব্য।

চিঞ্চারস (তেঁতুলের গোলা) চক্রমধ্যে আনতে নেই; পরন্তু আনন্দাধিক্যবশতঃ সাধক মৃতপ্রায় হলে চিঞ্চারস পান করান কর্ত্তব্য। চক্রমধ্যঘটিত কোন বার্ত্তা বাইরে প্রকাশ করতে নেই এবং আনন্দোল্লসিত সাধকের নিন্দা বা তাঁদেরকে উপলক্ষ করে উপহাস করতে নেই, বরং দেবতা স্বরূপ জ্ঞান করতে হবে।

মুখ থেকে বিনির্গত সমস্ত শাস্ত্রাদি (স্বভাবতঃ) উচ্ছিষ্ট, পরন্তু ব্রহ্মমন্ত্র ও পঞ্চতত্ত্ব (স্বভাবতঃ) উচ্ছিষ্ট নয়। এবং দ্রোণপুষ্পাদি যন্ত্রপুষ্প (দেবতাকে সম্প্রদানের পর) দেড় দিন পর্য্যন্ত উচ্ছিষ্ঠ থাকে। কুলকুসুম (যতবারই নিবেদিত হোক) কখনই নির্ম্মাল্য বা উচ্ছিষ্ট হয় না। মদ্যমাংসাদি অন্যান্য তত্ত্ব (নিবেদিত হলেও অভাবে) আটবার পর্য্যন্ত নিবেদন করবে। অতঃপর আর তা নিবেদন করবে না। পর্বদিবসে অথবা গুরুসন্নিধানে (অনিবেদিত কিম্বা অষ্টবারের ন্যূনসংখ্যার নিবেদিত দ্রব্যের) অভাবে সাধক অনুকল্পের দ্বারাও অর্চনা করবেন। এতদ্দ্বারা স্পষ্টই বুঝতে পারা যায় যে নিবেদিত পঞ্চতত্ত্ব আটবার পর্য্যন্ত পুনঃ পুনঃ নিবেদন করতে পারা যায়। এবার কিছু বিশেষ নিয়ম সন্নিবেশিত হচ্ছে —

১। সর্বদা অনিত্য কর্ম ত্যাগ করে নিত্যকর্মের অনুষ্ঠান করবেন। সমস্ত কার্য্য দেবতাকে নিবেদন করবেন।

২। সর্বদা পূজাদিতে সময় অতিবাহিত করবেন। পাশা ইত্যাদি ক্রীড়া করে বৃথা সময় নষ্ট করবেন না। চতুষ্পথে, জলমধ্যে, বন বা পর্বতে—শুদ্ধাশুদ্ধ বিবেচনা করবেন

না— সে সমস্ত স্থানে নির্ব্বিকারভাবে থাকবেন।

৩। প্রত্যক্ষে বা পরোক্ষে নিত্য গুরুদেবকে প্রণাম করবেন। একই গ্রামস্থ শিষ্য নিত্য তিনবার গুরুকে দর্শন করে প্রণাম করবেন। একক্রোশ দূরস্থিত শিষ্য প্রত্যহ, দুইক্রোশস্থ শিষ্য পাঁচ পর্ব এবং এক যোজন থেকে দ্বাদশযোজন পর্যন্ত দূরস্থ শিষ্যের যোজন সংখ্যানুরূপ মাসান্তর গুরুদর্শন করা কর্ত্তব্য। অতিদূরস্থশিষ্য যথাভিরুচি করবেন।

৪। রাজা, দেবতা এবং গুরুর নিকট রিক্তহস্তে যাওয়া উচিত নয়, ফল, পুষ্প, বস্ত্র ইত্যাদি দ্বারা যথাশক্তি অর্চনা করা উচিত।

৫। গুরুশক্তি, গুরুপুত্র এবং গুরুপরিবারের প্রতি গুরুবৎ আচরণ কর্ত্তব্য।

৬। গুরুর শয্যা, আসন পীঠ, পাদুকা, স্নানোদক ও ছায়া লঙ্ঘন করা উচিত নয়।

৭। গুরু, পরমগুরু, পরাপরগুরু, মানবৌঘাদি গুরুর জন্মদিনে এবং নিজ জন্মদিনে সামর্থ্যানুরূপ ভাবে অর্চনা করা কর্ত্তব্য।

৮। নিত্যপূজা দিনে, রাত্রে নৈমিত্তিক পূজা, এবং কাম্যপূজা দুই সময়েই করতে পারা যায়।

৯। মহাদেবীকে পঞ্চতত্ত্ব, নৈবেদ্যাদি নিবেদন করে স্বয়ং স্বীকার না করলে দেবী অভিশাপ দেন এবং রোগী, দুঃখী এবং দরিদ্র হয়ে পরে নরকস্থ হতে হয়।

১০। একাকী পান নিষেধ, একাকী শ্রীচক্র হয় না, একপাত্র গ্রহণ দোষের।

১১। শক্তিকে পান করিয়ে কুলদ্রব্য গ্রহণ বিধেয়। শক্তিকে কুলদ্রব্য নিবেদন না করে পান করলে পূজা বিফল হয় এবং দেবতা প্রসন্ন হ'ন না।

১২। মাংস বিনা পূজা, মদ্য বিনা তর্পণ এবং শক্তি বিনা পান এ সমস্তই নিষ্ফল হয়।

১৩। গুরুর অভাবে তাঁর পাত্র যেভাবে জলে নিক্ষেপ করা হয়, সেইরূপ শক্তির অভাবেও তৎপাত্র জলে নিক্ষেপ করবেন।

১৪। এক হস্তে অর্চনা এবং এক হস্তে পান নিষেধ।

১৫। চক্রমধ্যে প্রণাম করে প্রবেশ করবেন এবং প্রণাম করে বহির্গমন করবেন।

১৬। শ্রীচক্র দর্শনেই পাপনাশ হয়। ষোড়শদানাদিতে যে ফল হয় শ্রীচক্রদর্শনে সেই ফল হয়। চক্রমধ্যে ক্ষণেক জপে, শতপুরশ্চরণ, শব, মুণ্ড, চিতাসাধনের ফল প্রাপ্ত হওয়া যায়। সাড়ে তিন কোটি তীর্থে স্নানের ফল ভক্তিভাবে শ্রীচক্রদর্শনেই লাভ হয়।

১৭। কুলাচার্য্য গৃহে অমৃত এবং অন্ন প্রার্থনা করবে, তদভাবে জল পান করবে। কুলাচার্য্য যাই দিন তাই ভক্তিভাবে নমস্কার করে গ্রহণ করবে। অন্যথায় নরক।

১৮। গুরু, গুরুপুত্র বা তৎকুলস্থ কেউ একই গ্রামে থাকা সত্ত্বেও তাঁদের অনুজ্ঞা ব্যতিরেকে যিনি কুলদ্রব্য গ্রহণ করেন, তাঁকে নরকে গমন করতে হয়।

১৯। চক্রে উচ্ছিষ্ট হস্তে কোন দ্রব্য স্পর্শ করতে নেই, বাইরে হস্ত প্রক্ষালন করে কুলদ্রব্য পরিবেশন করবে। চক্র মধ্যে শুচি বিচার হস্তাদি প্রক্ষালনকারী মূঢ় এবং আপদার্হ।

২০। চক্রে আহূত হয়ে যিনি উপস্থিত হন না অথবা অনাহূতভাবে যিনি উপস্থিত হন, তিনি পাপী এবং সর্বধর্ম বহিষ্কৃত।

২১। স্ত্রীদের অন্য স্থান এবং পুরুষের অন্য স্থান অথবা যুগ্ম যুগ্মভাবে চক্রে উপবেশন করবেন।

২২। চক্রে আনীত দ্রব্যে দেশকাল বা পাত্র বিচারের আবশ্যকতা নেই, যতদূর থেকে বীর অথবা পশু বা যে কোন ব্যক্তি দ্বারা যেরূপ দ্রব্যই আনীত হবে, চক্র মধ্যে আসলেই তা শুদ্ধ।

২৩। যে মূঢ় চক্র মধ্যে জাতি ভেদ করে, তাকে যোগিনীগণ ভক্ষণ করেন, তাঁকে সর্বদা দেবী অভিশাপ দেন। ভৈরবী চক্রে সকল জাতিই দ্বিজ সদৃশ। মহাবিদ্যার উপাসনাকারী ব্রাহ্মণ, বৈশ্য, ক্ষত্রিয়, চণ্ডাল বা যবন সকলেই এক এবং সর্ব কামেশ্বর হন।

২৪। কৌলিকাচার বা পাদুকাদিজপ না করে চক্রে প্রবর্ত্তিত হলে ভৈরবদ্বারা হিংসিত হতে হয়।

২৫। গৃহস্থ সাধকের পঞ্চপাত্রই নির্দিষ্ট।

২৬। মন্ত্রার্থ স্ফুরণ এবং মনস্থির করবার জন্য অলিপান কর্ত্তব্য। যাঁরা লোভ পরবশ হয়ে পান করেন, তাঁদের নরকস্থ হতে হয়। যার পানে ভ্রান্তি হয় সাধকদের মধ্যে সে ঘৃণ্য। সেই মূঢ় কেন বলে যে, আমি কালীর উপাসক? মদ্যপানে যার জ্ঞানলোপ বা বিকার হয়, সে অধোগতি প্রাপ্ত হয়। পূর্ণাভিষেকযুক্ত ব্যক্তি অলিপান করতে পারেন—যাঁদের পূর্ণাভিষেক হয় নি তাঁদের পক্ষে পান অত্যন্ত দুর্গতি।

২৭। শাক্তাভিষেকী বীর পঞ্চতত্ত্বাদি শোধন করে ইষ্ট পূজা করতে পারেন, কিন্তু চক্রেশ্বর হতে পারেন না।

২৮। দেবীর বলিদান বিনা হিংসা সর্বত্রই গর্হিত। বলাৎকার দ্বারা মৈথুন এবং স্বহস্তে পশুঘাতনকারী নরকস্থ হয়।

২৯। মদ্য মাংস বিনা কুল পূজাকারীর সহস্র জন্মার্জিত পুণ্য নষ্ট হয়।

৩০। চর্বণ বিনা পান বিষভক্ষণ সদৃশ। ভোজনান্তে সুরা বিষ, সুরাপানান্তে ভোজন বিষ—চর্বণযুক্ত পানই অমৃত সদৃশ।

৩১। এক হস্তে অর্চনা বা তর্পণ করবেন না। মুদ্রা বিহীন তর্পণ নিষ্ফল। বাম হস্তের অঙ্গুষ্ঠ এবং অনামিকাযোগে (তত্ত্বমুদ্রায়) অমৃত নিয়ে, দক্ষিণ হস্তে ঐরূপ তত্ত্বমুদ্রায় শুদ্ধি খণ্ড নিয়ে উভয় হস্ত যোগে সর্বত্র তর্পণ করা বিধেয়।

৩২। চক্র মধ্যে থুতু, মল, মূত্র এবং অধো বায়ু ত্যাগ করা নিষেধ।

৩৩। সশব্দে পাত্র উত্তোলন বা পূর্ণ করবেন না। পাত্র লঙ্ঘন করা উচিত নয় বা পাত্র নিক্ষেপ করা অবিধেয়। বাম হস্তে পাত্র উত্তোলন করে দক্ষিণ হস্তে মুদ্রা নিয়ে উভয় হস্ত যোগ করে পান করা উচিত। সশব্দে পান বা বিন্দু ভূমিতে পাত করা নিষেধ। ঊর্দ্ধ্ব মুখে

পান করলে দেবতার শাপভাগী হতে হয়। মূলাধারস্থ ত্রিকোণে কুলকুণ্ডলিনীকে আজিহ্বা চিন্তা করে তাতে সমস্ত দ্রব্য আহুতি দেবেন। মুখে শব্দ করে পান করলে নরকস্থ হতে হয়।

৩৪। পাত্র অতি স্থূল বা অতি সূক্ষ্ম করবেন না। একপাত্রে অর্চনা করা অবিধেয়।

৩৫। স্বপাত্রস্থিত হেতু কাউকে প্রদান করা নিষেধ।

৩৬। শক্তির উচ্ছিষ্ট দ্রব্য, এবং বীরের উচ্ছিষ্ট চর্বণ গ্রহণ করা কর্ত্তব্য।

৩৭। শক্তির উচ্ছিষ্ট ব্যতীত দেহশুদ্ধি হয় না। শক্তির উচ্ছিষ্ট নির্বিচারে চক্রেশ্বর যদি গ্রহণ করেন, তাঁকে নরকস্থ হতে হয়। জ্যেষ্ঠা শক্তির উচ্ছিষ্টই গ্রহণ করবেন—কনিষ্ঠার নয়। নিজ শক্তি বিনা অন্য কনিষ্ঠা শক্তির উচ্ছিষ্ট গ্রহণ করলে নরক যেতে হয়। গুরু, গুরুশক্তি, গুরুপুত্রাদি, গুরুভ্রাতা এবং স্ত্রীদের উচ্ছিষ্ট গ্রহণ করবেন—তাঁদেরকে কদাচ উচ্ছিষ্ট দান করবেন না।

৩৮। একই পাত্রে সাধকগণ সুরাপান করলে, বিষ্ঠা ভক্ষণ করার ন্যায় হবে এবং প্রায়শ্চিত্তার্হ হবে।

৩৯। চক্র করে তর্পণ বিনা পূজায় আয়ু, বিদ্যা, বল এবং যশ এই চারটি নষ্ট হয়।

৪০। একাসনে উপবেশন—একপাত্রে ভোজন বা পান করলে নরকস্থ হতে হয়।

৪১। মধুভাণ্ড উদ্ধৃত করে পরিবেশন করতে নেই—ভোগ পাত্র সুধাকুণ্ডে নিক্ষেপ করতে নেই।

৪২। চক্রমধ্যে ঘট ভগ্ন হলে, পাত্র হস্ত থেকে স্খলিত হয়ে পড়লে, দীপ নির্বাণ হলে তার শান্তির জন্য পুনরায় চক্র করতে হয়।

৪৩। চক্রে জ্ঞানী ধ্যান জপ প্রণাম ইত্যাদি করেন, অজ্ঞানী ব্যক্তিগণ বিবাদ, গর্জন, নিন্দা ইত্যাদি করেন। চক্রমধ্যে পরিহাস প্রলাপ, বিতণ্ডা, বহুবাক্য, ঔদাসীন্য, ভয় এবং ক্রোধ বর্জনীয়। দেবীর সম্মুখে—নির্দোষ হাস্য কৌতুকাদি বিধেয়। মনের বিকৃতি না হয়ে যে উল্লাস—তাকে যোগীরা দেবীভাব বলে ভজনা করেন।

৪৪। পাত্রহস্তে চক্রমধ্যে ভ্রমণ করা নিষেধ, পূর্ণপাত্র হস্তে ধরে অধিকক্ষণ থাকতে নেই বা পাত্র হস্তে আলাপ করতে নেই। পাত্র পাদস্পৃষ্ট করতে নেই, একহস্তে দান করতে নেই বা মুদ্রাবর্জিত ভাবে দান করতে নেই। পাত্রশঙ্কর বা পাত্র স্থানচ্যুত করতে নেই। সশব্দে পান বা পূর্ণ করা নিষেধ। আধার সঙ্গে পাত্র উত্তোলন করতে নেই বা আধার ব্যতীত পাত্র স্থাপন করতে নেই। পাত্র একেবারে নিঃশেষ করবে না বা পাত্র ভ্রামণ করবে না। পাত্র ধুয়ে গোপন করবে।

৪৫। শত্রু হলেও চক্রমধ্যে বচসা করবে না। চক্রস্থ হলে তাদের পরুষবাক্য সহ্য করবে এবং তাদেরকে পিতৃ-মাতৃ সমান জ্ঞান করবে। আত্মজন মিত্র-বর্গকে দেখে যেরূপ আনন্দ হয়, সেরূপ কৌলকে দেখে হৃষ্ট হতে হয়।

৪৬। 'আমিই গুরু,' 'আমিই জ্যেষ্ঠ,' 'আমিই সব' এপ্রকার মনোবৃত্তি সম্পন্ন ব্যক্তি

কৌল নয়।

৪৭। গুরুর নাম উচ্চারণ করবে না—'শ্রীনাথ', দেবস্বামী' এইবাক্য প্রয়োগ করবে। শ্রীগুরু পাদুকাই মুলমন্ত্র স্বরূপ, এটি শিষ্য ব্যতীত অন্য কারো নিকট প্রকাশ করবে না।

৪৮। মন্ত্রাচারাদি গুরু মুখ থেকে প্রাপ্ত হলেই সফল হয়, অন্যত্র নয়।

৪৯। কুলস্ত্রী এবং বীর নিন্দা, তাদের দ্রব্য অপহরণ—স্ত্রীর প্রতি রোষ বা প্রহার—বর্জনীয়।

৫০। কৃষ্ণবস্ত্রা, কৃষ্ণবর্ণা কুমারী বা যুবতীকে দেবতারূপে পূজা করবে। বলপ্রকাশ দ্বারা কুলযোগিনীকে লাভ করবার চেষ্টা করবে না। চক্রমধ্যে ক্ষুব্ধ হলে কখনই কামনা করবে না।

৫১। ভক্ত বা বীরের কৃতাকৃত পরীক্ষা করা নিষেধ; দিবাতে স্ত্রী নিষেবন নিষেধ। শ্রীচক্র বৃত্তান্ত শুভ বা অশুভ হলেও কখনই প্রকাশ করবে না।

৫২। চক্রান্তে গুরু এবং সাধকবৃন্দকে যথাশক্তি দক্ষিণা প্রদান করবেন, নচেৎ সমস্তই নিষ্ফল হবে।

৫৩। গুরুর আজ্ঞা হলে দুষ্ট মন্ত্রও সিদ্ধ হয়। গুরুকে লঙঘন করে এই শাস্ত্রে দেবতারও অধিকার নেই।

৫৪। গুরুমুখ থেকে না শুনে মন্ত্রাদি প্রয়োগ করলে সিদ্ধিহানি হয়।

৫৫। যাঁর গুরুদেবের প্রতি নিশ্চলা ভক্তি—তাঁর অচিরে সিদ্ধিলাভ হয়, নচেৎ কোটি কল্পেও হয় না।

৫৬। গুরু ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর এবং গুরুই মন্ত্র, গুরুই সমস্ত।

৫৭। গুরু বংশে বিংশ, সপ্ত বা তিনপুরুষ পরিচয় না হলে শিষ্যের সন্তান নাশ হয়। গুরুকুল জ্ঞাত হলে নষ্টমার্গ হতে হয় না।

৫৮। গুরুকে মনুষ্যজ্ঞান—মন্ত্রে অক্ষর জ্ঞান—প্রতিমায় শিলাজ্ঞানকারী নরকগ্রস্ত হয়।

৫৯। শ্রীগুরু সম্মুখে থাকলে পূজা, ধ্যান যারা করে তারা মূঢ়। গুরুসম্মুখে অন্যদেবতার পূজাকারীকে নরকে যেতে হয় এবং সমস্ত পূজা বিফল হয়। গুরুপাদ পূজনে সকল দেবতাই সুখী হন। গুরুর সম্মুখে অন্য দেবতা মাহাত্ম্য বা কীর্ত্তনে নরকস্থ হতে হয়। গুরুপ্রীতিকর কার্য্য যে সাধক সর্বদা করেন—জপ হোম না করলেও তাঁর শীঘ্র সিদ্ধি হয়। দেবতারূপ গুরুকে ভক্তিদ্বারা সন্তুষ্ট করলে—পুরশ্চরণ না করলেও নিশ্চয়ই মন্ত্র সিদ্ধি হয়।

৬০। গুরুর অভাবে পূজাদি নিজেই সম্পন্ন করবে—ইহা ভিন্ন অন্য কোন তান্ত্রিক বা দেশিক যদি পূজা করেন তাঁর পূজাফল যক্ষরাক্ষসে হরণ করেন।

৬১। ব্রহ্মরূপ গুরু যদি পূজা করেন তৎসমস্ত কোটিগুণ ফল হবে।

৬২। গুরুপত্নী যদি পূজা করেন, বলিদান বা হোমাদি তথায় বর্জন করবে।

৬৩। গুরু যা করবেন তৎসমুদয় অক্ষয় হবে। পুরোহিত এনে পূজা করালে, সমস্ত হানি হয় এবং দেবী ক্রুদ্ধা হন।

৬৪। পূজাকালে অন্যের মুখ দর্শন করবে না—বহুলোকের সম্মুখে ইষ্টপূজা করলে সর্বার্থহানি হয় এবং দেবী ক্রুদ্ধা হন। বিশেষ কর্মই মন্ত্রবৎ গোপন করবে, কিন্তু দীপান্বিতাদি পূজায় এবং পর্বে মহোৎসবের আয়োজন করবে।

৬৫। এই পুস্তক পুত্রকেও দেখানো নিষেধ। এই শাস্ত্র, এই পুস্তকের প্রসঙ্গ পশুর সম্মুখে প্রাণান্তেও প্রকাশ করা কর্ত্তব্য নয়।

এই প্রসঙ্গে 'সময়াচার তন্ত্রম্'-টি প্রমাণরূপে উদ্ধৃত হচ্ছে।

।। সময়াচার তন্ত্রম্।।

অথাতঃ সংপ্রবক্ষ্যামি সময়াচারমুত্তমম্।
যেন হীনো ন সিদ্ধন্তি কুলাচার্যানুসারিণঃ।
অনিত্য কর্মসন্ত্যাগো নিত্যানুষ্ঠান তৎপরঃ।
পরস্যাং দেবতায়াস্তু সর্বকর্ম নিবেদকঃ।
বৃথা ন গময়েৎ কালং দ্যূতক্রীড়াদিনা সুধীঃ।
গময়েৎ দেবতা পূজা জপযাগস্তবাদিনা।
চতুষ্পথে তোয়মধ্যে নির্জনে গহনে গিরৌ।
শুদ্ধিং ন চিন্তয়েত্তত্র নির্বিকাল্পরং মনশ্চরেৎ।
প্রত্যক্ষে বা পরোক্ষে বা প্রত্যহং প্রণমেৎ গুরুম্।
একাগ্রমস্থিতঃ শিষ্যস্ত্রিসন্ধ্যাং প্রণমেৎ গুরুম্।
ক্রোশমাত্র স্থিতঃ শিষ্যো গুরুং প্রতিদিনং নয়েৎ।
অর্দ্ধ যোজনগঃ শিষ্যঃ প্রণমেৎ পঞ্চপর্বষু।
একযোজনমারভ্য যোজনদ্বাদশাবধিম্।
তৎসংখ্যাদির্গতৈর্মাসৈঃ শ্রীগুরুং প্রণমেৎ প্রিয়ে।
অতিদূরগতঃ শিষ্যো যদিচ্ছাস্যাত্তদা ব্রজেৎ।
রিক্ত হস্তশ্চ নোপেয়াদ্ রাজানং দৈবতং গুরুম্।
ফলপুষ্পাম্বরাকল্পৈর্যথাশক্ত্যা সমর্চয়েৎ।
গুরুশক্তিশ্চ তৎপুত্রো গুরুভ্রাতা গুরোঃ সমঃ।
গুরোঃ শয্যাসনং পীঠং পাদুকোপানহৌ তথা।
স্নানোদকং তথাচ্ছায়াং লঙ্ঘয়েন্ন কদাচন।
গুরুজন্মদিনে প্রাপ্তে তদ্‌গুরোস্তদ্ গুরোরপি।
মানবৌঘাদি পূজাঞ্চ স্বজন্মদিবসেহপি চ।
যথাবলং যথাশ্রদ্ধাং তথাপূজাং সমাচরেৎ।

নিত্যার্চনং দিনে কুর্য্যাৎ রাত্রৌ নৈমিত্তিকার্চনম্।
উভয়োঃ কাম্যকর্ম্মাণি চেতি শাস্ত্রস্য নির্ণয়ঃ।
পঞ্চতত্ত্বং মহাদেব্যৈ দত্ত্বা ন স্বীকরোতি যঃ।
নৈবেদ্যাদি তথা সোঽপি দেবীনাং শাপভাগ্ ভবেৎ।
রোগী দুঃখী দরিদ্রশ্চ ভূত্বা স নরকমাপ্নুয়াৎ।
একাকী নাচরেৎ পানং কৌলিকৈর্ম্মায়য়া সহ।
শ্রীচক্রমেকো ন কুর্য্যাদেকপাত্রে ন চার্চয়েৎ।
স্বশক্তিং বীরশক্তিং বা দীক্ষিতাং গৃহিণীমথ।
পায়য়িত্বা পিবেদ্দ্রব্যমিতি শাস্ত্রস্য নির্ণয়ঃ।
অনিবেদ্য তু যঃ শক্তৌ কুলদ্রব্যং নিষেবতে।
পূজা চ বিফলা তস্য দেবতা ন প্রসীদতি।
বিনা মাংসেন যা পূজা বিনা মদ্যেন তর্পণম্।
বিনা শক্ত্যা তু যৎ পানং নিষ্ফলং কথিতং প্রিয়ে।
শক্ত্যভাবে মহেশানি তৎপাত্রন্তু জলে ক্ষিপেৎ।
গুরোরভাবে তৎপাত্রং যথাতোয়ে বিনিঃক্ষিপেৎ।
নার্চয়েদেকহস্তেন ন পিবেদেকপাণিনা।
প্রণম্য প্রবিশেচ্চক্রে বিনির্গচ্ছেৎ প্রণম্য চ।
শ্রীচক্রদর্শনং দেবি নেত্রয়োঃ পাপনাশনম্।
কৃত্বা ষোড়শদানানি যৎফলং লভতে সুধীঃ।
তৎফলং সমবাপ্নোতি কৃত্বা শ্রীচক্রদর্শনম্।
পুরশ্চর্য্যাশতেনাপি শবমুণ্ডচিতাসনাৎ।
চক্রমধ্যে সকৃজ্জপ্ত্বা তৎফলং লভতে সুধীঃ।
সার্দ্ধত্রিকোটীতীর্থেষু স্নাত্বা যৎফলমাপ্নুয়াৎ।
তৎফলং লভতে ভক্ত্যা কৃত্বা শ্রীচক্রদর্শনম্।
কুলাচার্য্যগৃহং গত্বা ভক্ত্যা পাপ বিমুক্তয়ে।
যাচয়েদমৃতান্নঞ্চ তদভাবে জলং পিবেৎ।
কুলাচার্যেন যচ্ছক্ত্যা দত্তং পাত্রঞ্চ ভক্তিতঃ।
নমস্কৃত্য তু গৃহ্নীয়াদন্যথা নরকং ব্রজেৎ।
যঃ সেবেত কুলদ্রব্যং একগ্রামস্থিতৌ গুরৌ।
বিনানুজ্ঞাং মহেশানি সোঽক্ষয়ং নরকং ব্রজেৎ।
উচ্ছিষ্টো ন স্পৃশেচ্চক্রে কুলদ্রব্যাণি পার্ব্বতি।
বহিঃপ্রক্ষাল্য চ করৌ কুলদ্রব্যাণি দাপয়েৎ।

চক্রমধ্যে শুচিধিয়া করপ্রক্ষালনাদিকান্।
যঃ করোতি হি মূঢ়াত্মা স ভবেদাপদাস্পদম্।
আহুতো যো নিবর্ত্তেত অনাহুতোহপি যো বিশেৎ।
চক্রমধ্যে স পাপীস্যাৎ সর্বধর্মবহিস্কৃতঃ।
স্ত্রীণামন্যতমং স্থানং পুংসামন্যতমং পৃথক্।
অথবা মিথুনং কৃত্বা ক্রমাৎ সমুপবেশয়েৎ।
ন দেশোকাল নিয়মো ন বা পাত্র বিচারণম্।
যেন কেনাহৃতং দ্রব্যং চক্রেহস্মিন্ বিনিযোজয়েৎ।
দূরদেশাৎ সমানীতং পক্কংবাহপক্কমেব বা।
বীরেণ পশুনা বাপি চক্রমধ্যগতঃ শুচিঃ।
জাতিভেদো ন চক্রেহস্মিন্ সর্বে শিবসমাঃ স্মৃতাঃ।
প্রবৃত্তে ভৈরবী চক্রে সর্বেবর্ণাঃ দ্বিজাতয়ঃ।
ন ব্রাহ্মণঃ ব্রাহ্মণঃ স্যাৎ ক্ষত্রিয়ঃ ক্ষত্রিয়ো ন হি।
ন বৈশ্যো বৈশ্য এব স্যাৎ ন শূদ্রঃ শূদ্র এব চ।
চাণ্ডালো নৈব চাণ্ডালো মহাবিদ্যাদ্যুপাসনাৎ।
চাণ্ডালো যবনো বাপি ব্রাহ্মণঃ ক্ষত্রিয়শ্চ বা।
মহাবিদ্যাদ্যুপাসেন সর্বকামেশ্বরো ভবেৎ।
অকৃত্বা কৌলিকাচারং অজপ্ত্বা গুরুপাদুকাম্।
যেহস্মিন্ চক্রে প্রবর্তন্তে তান্ হিংসন্তি ভৈরবাঃ।
সাধকানাং গৃহস্থানাং পঞ্চপাত্রং প্রকীর্ত্তিতম্।
মন্ত্রার্থস্ফুরণার্থায় মনসঃ স্থিতিহেতবে।
অলিপানং প্রকর্তব্যং লোলুপো নরকং ব্রজেৎ।
পানে ভ্রান্তির্ভবেদ্যস্য ঘৃণি স শক্তিসাধকে।
স মূঢ়াত্মা কথং ব্রূয়াৎ আদ্যাকালীং ভজাম্যহম্।
জ্ঞানলোপো ভবেদ্ যস্য মদ্যপানাৎ সুলোচনে।
বিকারং জনয়েদ্বাপি স পুনর্যাত্যধোগতিঃ।
পূর্ণাভিষেকযুক্তানাং পানমত্যন্তমিষ্যতে।
পূর্ণাভিষেকহীনানাং পানমত্যন্তদুর্গতিঃ।
শাক্তাভিষেকীবীরঃ স্যাৎ পঞ্চতত্ত্বানি শোধয়েৎ।
স্বেষ্টপূজা বিধাবেব ন তু চক্রেশ্বরো ভবেৎ।
পূর্ণাভিষেকহীনঃ কৌলিকো ম্রিয়তে যদি।
পিশাচত্বমবাপ্নোতি যাবদাহূত সংপ্লবম্।

বলিদানং বিনা দেব্যা হিংসা সর্বত্র গর্হিতা।
অসংস্কৃতং দ্রব্যং বলাৎকারেণ মৈথুনম্।
স্বহস্তেন পশুং হন্যাৎ রৌরবং নরকং ব্রজেৎ।
মদ্যং মাংসং বিনা যো হি কুলপূজাং সমাচরেৎ।
জন্মান্তরসহস্রস্য সুকৃতং তস্য নশ্যতি।
বিনা চর্বেণ যৎপানং কেবলং বিষভক্ষণম্।
তস্মাৎ প্রচর্যয়েচ্চর্বং যথাক্রমবিধানতঃ।
ভোজনান্তে বিষং মদ্যং মদ্যান্তে ভোজনং বিষম্।
অমৃতং তৎ বিজানীয়াৎ যদন্নং মধুনা সহ।
চর্বণেন যুতং পানং অমৃতং কথিতং প্রিয়ে।
চর্বণেন বিনা পানং কেবলম্ বিষ ভক্ষণম্।
নার্চয়েদেক হস্তেন তর্পয়েন্নৈক পাণিনা।
মুদ্রয়া তু বিহীনেন তর্পণং নিষ্ফলং ভবেৎ।
বামাঙ্গুষ্ঠা-নামিকাভ্যামমৃতং পাত্রসংস্থিতম্।
গৃহীত্বা শুদ্ধিখণ্ডেন দক্ষয়ো তত্ত্বমুদ্রয়া।
সর্বত্র তর্পণং কুর্য্যাৎ বিধিরেষঃ প্রকীর্তিতঃ!
নষ্টৈঃ পর্য্যুষিতৈর্দ্রব্যৈর্দুর্গন্ধৈর্গন্ধবর্জিতৈঃ।
হেতুভিঃ পরপাত্রস্থৈস্তর্পণং স্যাচ্চ নিষ্ফলম্।
নিষ্ঠীবনং মলং মূলং অধোবায়ু বিসর্জনম্।
শ্রীচক্রমধ্যে যঃ কুর্য্যাৎ স ভবেৎ যোগিনীপশুঃ।
সশব্দং নোদ্ধরেৎ পাত্রং তথৈব চ ন পূরয়েৎ।
ন পাত্রং লঙঘয়েদ্ধীমান্ উৎক্ষিপ্য ন চ পাতয়েৎ।
সব্যেনোদ্ধৃত্য পাত্রঞ্চ মুদ্রাং কৃত্বা তু সব্যতঃ।
বিনা তদ্ধস্তযোগেন ন কুর্য্যাদ্‌দ্রব্য ভক্ষণম্।
সশব্দং ন পিবেদ্‌দ্রব্যং ন বিন্দুং পাতয়েদধঃ।
ঊর্ধ্বনালেন পানাচ্চ দেবতা শাপমাপ্নুয়াৎ।
আত্মমূলে ত্রিকোণস্থে কোটীসূর্য্যসমপ্রভে।
কুণ্ডলীশক্তিচিৎবহ্নৌ হুনেদ্‌দ্রব্যং সমন্ত্রকম্।
সশব্দং যো মুখে কুর্য্যান্ কুলদ্রব্যস্য সেবনম্।
রৌরবং নরকং যাতি যাবদাহুতসংপ্লবম্।
ন স্থূলং নৈব সূক্ষ্মঞ্চ পাত্রং কুর্য্যাৎ মনোরমম্।
একপাত্রং ন কুর্বীত যদি সাক্ষাৎ কুলেশ্বরঃ।

স্বপাত্রস্থিত হেতুঞ্চ ন দদ্যাদ্‌ভৈরবায় চ।
যদি দদ্যান্মহেশানি দেবতাশাপমাপ্নুয়াৎ।
শক্ত্যাচ্ছিষ্টং পিবেদ্‌দ্রব্যং বীরোচ্ছিষ্টস্তু চার্পণম্।
চর্ব্যং স্বজ্যেষ্ঠতো গ্রাহ্যং কনিষ্ঠায় নিবেদয়েৎ।
শক্ত্যুচ্ছিষ্টং বিনা দেবি দেহশুদ্ধিং ন জায়তে।
শক্ত্যুচ্ছিষ্টমবিচার্য্য পিবেচ্চক্রেশ্বরো যদি।
ঘোরঞ্চ নরকং যাতি যাবদিন্দ্রাশ্চতুর্দশঃ।
স্বজ্যেষ্ঠস্য চ ভোক্তব্যং কনিষ্ঠস্য ন ভোজয়েৎ।
নিজশক্তিং বিনা দেবি শক্ত্যুচ্ছিষ্টং পিবেদ্‌যদি।
রৌরবে নরকং যাতি যাবদিন্দ্রাশ্চতুর্দশঃ।
গুরুশক্তিসুতানাঞ্চ গুরুজ্যেষ্ঠকনিষ্ঠয়োঃ।
উচ্ছিষ্টং ভক্ষয়েৎ স্ত্রীণাং তাভ্যো নোচ্ছিষ্টমর্পয়েৎ।
একপাত্রে পিবেদ্‌দ্রব্যং বীরমহেশ্বরো যদি।
শুনো বিষ্ঠা ভবেৎ পানং প্রায়শ্চিত্ত সকৌলিকঃ।
চক্রং কৃত্বা তু দেবেশি পূজয়েত্তর্পণং বিনা।
চত্বারি তস্য নশ্যন্তি আয়ুর্বিদ্যাযশোবলম্।
একাসনে নিবিষ্টস্তু ভুঞ্জানস্ত্বেকভাজনে।
একপাত্রে পিবেত্তোয়ং তে যান্তি নরকং প্রিয়ে।
মধূভাণ্ডং সমুদ্ধৃত্য ন পাত্রং পূরয়েৎ প্রিয়ে।
ভোগপাত্রং সুধাকুণ্ডে নিঃক্ষিপেন্ন কদাচনম্।
চক্রমধ্যে ঘটে ভগ্নে পাত্রে চ স্খলিতে প্রিয়ে।
দীপনাশে চ তৎশান্তৈঃ পুনশ্চক্রং বিধীয়তে।
কেচিজ্জপন্তি ধ্যায়ন্তি রূপন্তি প্রণমন্তি চ।
অন্যে ভ্রমন্তি গর্জন্তি হসন্তি বিবদন্তি চ।
বদন্তি প্রিয়মিচ্ছন্তি নিন্দন্ত্যজ্ঞানিনং প্রিয়ে।
পরিহাসং প্রলাপঞ্চ বিতণ্ডাং বহুভাষিতম্।
ঔদাসীন্যং ভয়ং ক্রোধং চক্রমধ্যে বিবর্জয়েৎ।
কৌতুকং কারয়েদ্দেব্যৈ হাস্যানন্দায় যদ্‌ভবেৎ।
তেন প্রমুদিতো লোকে দেবীলোকে মহীয়তে।
বিকৃতিং মনসো হিত্বা য উল্লাসং প্রকুর্বতে।
তদা তু দেবতাভাবং ভজন্তে যোগিপুঙ্গবাঃ।
পাত্রহস্তো মহাদেবি ন ভ্রমেচ্চক্রমধ্যমে।

পূর্ণপাত্রং করে ধৃত্বা ন তিষ্ঠেতচিরং প্রিয়ে।
নালাপেৎ পাত্র হস্তঃ সন্ ন ভিন্দ্যাৎ পাত্রমম্বিকে।
পাদাভ্যাং ন স্পৃশেৎ পাত্রং ন বিন্দুং পাতয়েদধঃ।
নৈকহস্তেন দাতব্যং ন মুদ্রাবর্জিতং প্রিয়ে।
পাত্রং ন চালয়েৎ স্থানান্ন কুর্য্যাৎ পাত্রশঙ্করম্।
সশব্দং ন পিবেদ্দ্রব্যং তথৈব চ ন পূরয়েৎ।
নান্যোহন্যং তাড়য়েৎ পাত্রং ন বিন্দুং পাতয়েদধঃ।
সাধারং নোদ্ধরেৎ পাত্রম্ অনাধারে ন নিঃক্ষিপেৎ।
রিক্তপাত্রং ন কুর্বীত ন পাত্রং ভ্রাময়েৎ প্রিয়ে।
প্রক্ষাল্য গোপয়েৎ পাত্রং ইত্যাজ্ঞা পরমেশ্বরি।
রিপুনাপি ন কর্ত্তব্যো বাগ্বাদশ্চক্র মধ্যতঃ।
পিতৃমাতৃসমং পশ্যেত্তেনোক্তং পরুষং সহেৎ।
যথাদৃষ্ট্বা প্রহৃষ্যেত স্বজনং মিত্র সুপ্রিয়াম্।
তথা চ কৌলিকান্ দৃষ্ট্বা স ভবেদ্ যোগিনীপ্রিয়ঃ।
অহং গুরুরহং জ্যেষ্ঠস্ত্বহং বেদ্মীতি গর্বিতঃ।
অহমেব গতির্যেষাং কৌলিকা ন ভবন্তি তে।
গুরুনাম্না ন ভাষেত জপকালাদৃতে প্রিয়ে।
শ্রীনাথ দেবস্বামীতি বিবাদে সাধনে বদেৎ।
শ্রীগুরোঃ পাদুকাং দেবি মূলমন্ত্রং স্বপাদুকাম্।
শিষ্যাদন্যত্র দেবেশি ন বদেদ্ যস্যকস্যচিৎ।
পারম্পর্য্যং সমাস্থায় মন্ত্রাচারাদিকং প্রিয়ে।
সর্বংগুরুমুখাল্লব্ধং সফলং স্যান্নচান্যথা।
কুলস্ত্রীবীরনিন্দাঞ্চ তদ্দ্রব্যস্যাপহারণম্।
স্ত্রীষু রোষং প্রহারঞ্চ বর্জেয়েন্মতিমাস্তথা।
কৃষ্ণাং শুক্লাং কৃষ্ণবর্ণাং কুমারীঞ্চ কৃশোদরীম্।
মনোহরাং যৌবনস্থাং পূজয়েদ্দেবতাধিয়া।
একদাপি ন লঙ্ঘ্যেত বলেন কুলযোগিনীম্।
পরীক্ষয়েন্ন ভক্তানাং বীরানাঞ্চ কৃতাকৃতম্।
ন দিবা সেবয়েন্নারীং তদ্‌যোনীং নৈব বীক্ষয়েৎ।
দেবি শ্রীচক্রবৃত্তান্তং শুভং বা যদিবাশুভম্।
কদাচিৎ নৈব বক্তব্যং ইত্যাজ্ঞা পরমেশ্বরি।
কৃত্বা চক্রং প্রদদ্যাদ্বৈ গুরবে দক্ষিণাং ততঃ।

সাধকেভ্যো যথাশক্ত্যা অন্যথা নিষ্ফলং ভবেৎ।
গুরোরনুজ্ঞামাত্রেণ দুষ্টমন্ত্রোঽপিসিধ্যতি।
গুরুং বিলঙঘ্য শাস্ত্রেঽস্মিন্ নাধিকারী সুরৈরপি।
এষাং চ মন্ত্রতন্ত্রাণাং প্রয়োগং ক্রিয়তে যদি।
গুরুবক্ত্রং বিনা চৈব সিদ্ধিহানিস্তু জায়তে।
যেষাং চ নিশ্চলা ভক্তি গুরৌদেবে মনাগপি।
তেষাং সিদ্ধির্ভবেদাশু নান্যথা কল্পকোটিষু।
গুরুর্ব্রহ্মা গুরুর্বিষ্ণু গুরুর্দেবো মহেশ্বরঃ।
গুরুর্মনুঃ গুরুর্জাপো গুরুরেব পরন্তপঃ।
বিংশতিঃ পুরুষান্ বাপি সপ্ত সপ্ত ত্রয়োঽপি বা।
অজ্ঞাত্বা গুরুবংশানাং শিষ্যশ্চেন্নষ্ট সন্ততিঃ।
গুরৌ মনুষ্যবুদ্ধিশ্চ মন্ত্রে চাক্ষরভাবনম্।
প্রতিমাসু শিলাবুদ্ধিঃ কুর্বাণো নরকং ব্রজেৎ।
বৃথা তু পূজনং মুদ্রা ক্রিয়তে মন্দবুদ্ধিভিঃ।
শ্রীগুরৌ সংস্থিতে সাক্ষাৎ কিং বৃথা ধ্যান যোগতঃ।
গুরৌ সন্নিহিতে যস্তু পূজয়েদন্যদেবতাম্।
স যাতি নরকঞ্চ ঘোরং সা পূজা বিফলা ভবেৎ।
পূজিতে গুরুপাদে বৈ সর্বদেব সুখী ভবেৎ।
অন্যদেবঃ সপর্য্যা বা অন্যদেবস্য কীর্তনম্।
গুরুদেবং বিনা চৈব তদগ্রে নরকং ব্রজেৎ।
গুরোঃ প্রীতিকরং কর্ম যঃ কুর্য্যাৎ সাধকোত্তমঃ।
তস্যসিদ্ধির্ভবেদাশু জপহোমৌ বিনাকৃতে।
সর্বদা দেবতা রূপং গুরুং ভক্ত্যা প্রতোষয়েৎ।
পুরশ্চরণ হীনোঽপি মন্ত্রসিদ্ধিরসংশয়ঃ।
গুরোরভাবে দেবেশি স্বয়ংপূজাদিকঞ্চরেৎ।
এভির্বিনা মহেশানি তান্ত্রিকৈর্দেশিকৈর্যদি।
তস্য পূজা ফলং সর্বং গ্রস্যতে যক্ষরাক্ষসৈঃ।
ব্রহ্মরূপো গুরুঃ সাক্ষাৎ যদি পূজাদিকঞ্চরেৎ।
তত্তৎ সর্বং মহেশানি শতকোটিগুণং ভবেৎ।
গুরুপত্নী মহেশানি যদি পূজাদিকঞ্চরেৎ।
বলিদানাদিকং সর্বং তত্র হোমং বিবর্জয়েৎ।
গুরুণা যৎকৃতং দেবি তৎসর্বমক্ষয়ং ভবেৎ।

পুরোহিতং সমানীয় যদি পূজাদি কারয়েৎ।
তস্য সর্বার্থ হানিঃ স্যাৎ ক্রুদ্ধা ভবতি কালিকা।
পূজাকালে মহেশানি নান্যবক্ত্রং বিলোকয়েৎ।
ইষ্টপূজাদিকং সর্বং যঃ কুর্য্যাজ্জনসন্নিধৌ।
তস্য সর্বার্থাহানিঃ স্যাৎ ক্রুদ্ধা ভবতি কালিকা।
বিশেষকর্মগোপ্তব্যং মন্ত্রবৎ পরমেশ্বরি।
দীপান্বিতাদি পূজাসু পরমোৎসবমাচরেৎ।
এতৎ গ্রন্থং সর্বথৈব পুত্রেভ্যোহপি ন দর্শয়েৎ।
এতচ্ছাস্ত্র প্রসঙ্গোহপি এতৎ পুস্তক দর্শনম্।
পশোরগ্রে ন কর্তব্যং প্রাণান্তেহপি কথঞ্চন।

চক্রে উপবিষ্ট সাধকগণ যে সাংকেতিক নামে পঞ্চতত্ত্বকে অভিহিত করেন তার একটি সারণী দিয়ে দিলাম —

।। চক্রসংকেত ।।

নির্দেশক গ্রন্থ	কৈলাসতন্ত্র			মহানির্বাণতন্ত্র		
মদ্য =	বিষ্ণু	প্রাণ	হৃদয়ে হস্তস্পর্শ	তেজঃ	মধ্যমা প্রদর্শণ	রং
মাংস =	ব্রহ্মা	অপান	গোপনাঙ্গে হস্তস্পর্শ	পবন	তর্জনী প্রদর্শণ	যং
মৎস্য =	রুদ্র	সমান	নাভিতে হস্তস্পর্শ	অপঃ	অনামিকা প্রদর্শণ	বং
মুদ্রা =	ঈশ্বর	উদান	কণ্ঠে হস্তস্পর্শ	পৃথিবী	কনিষ্ঠা প্রদর্শণ	লং
মৈথুন =	সদাশিব	ব্যান	সর্বশরীরে হস্তস্পর্শ	ব্যোম	অঙ্গুষ্ঠ প্রদর্শণ	হং

এই গ্রন্থে কৌল সাধকদের সুবিধার্থে কালীর গুহ্যযোঢ়া এবং অতি দুষ্প্রাপ্য 'মহাযোঢ়া' সন্নিবেশিত করে দিলাম। সেই সঙ্গে কালীর বহুবিধ ধ্যানাদিও যুক্ত করা হল।

এই গ্রন্থের যা কিছু ভালো তা শ্রীগুরু কৃপার দান। আর যা কিছু ত্রুটি তা একান্ত ভাবেই আমার ব্যক্তিগত সীমাবদ্ধতা। সহৃদয় সাধকগণ এই সব ত্রুটিগুলির শাস্ত্রীয় প্রমাণ সহ সংশোধনী পাঠালে উপকৃত হবো। ইতি —

নিবাস ঃ—
শ্রীশ্রীব্রহ্মময়ী কালীবাড়ী
কোলকাতা - ৯০

ভবদীয়,
শ্রীগুরুপাদপদ্মকৃপাকিংকর,
স্বামী পরমাত্মানন্দনাথ ভৈরব (গিরি)

সূচীপত্র

বিষয়	পৃষ্ঠা

বিষয়	পৃষ্ঠা

পূর্ব পৃষ্ঠায় উক্ত "অভিষিক্তের পর্বকৃত্য" হইতে পরিবর্তিত সঠিক পৃষ্ঠাসংখ্যা এই পাতায় উল্লেখ করা হইল।

।। শ্যামা-রহস্য-সপর্য্যা-বিধি ।।

দশদণ্ড রাত্রিতে (রাত্রি ৯।৫৪ মিনিট) সাধক রক্ত বস্ত্র (সম্প্রদায় বিশেষে গৈরিক বস্ত্র পরিধান করে) ধারণ করে ললাটে সিন্দূর দিয়ে তাম্বূল পূরিতমুখে যুবতীবেশে রহস্য পূজা আরম্ভ করবেন।

বামপাদপুরঃসর দেবীগৃহে প্রবেশ। উপবেশন/জপ/জমসমর্পণ।

ভূমিতে [▽] অঙ্কন করে কারণঘট ও সম্বিদাপাত্র বসাতে হবে।

প্রোক্ষণ — ক্লীং ফট্

করযোড়ে পাঠ — ওঁ সর্বমঙ্গল মঙ্গল্যং বরেণ্যং বরদং শুভম্।
নারায়ণং নমস্কৃত্য সর্বকর্মাণি কারয়েৎ।।

আচমন — ওঁ নমো নারায়ণায় নমঃ।

জল পান — ওঁ বিষ্ণুঃ (৩ বার)

পাঠ — ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ, দিবীব চক্ষুরাততম্।
ওঁ অপবিত্রঃ পবিত্রো বা সর্বাবস্থাং গতোহপি বা।
যঃ স্মরেৎ পুন্ডরীকাক্ষং স বাহ্যাভ্যন্তরঃ শুচিঃ।।

করযোড়ে পাঠ — ওঁ দেবী তৎ প্রাকৃতং চিত্তং পাপাক্রান্তমভূন্মম।
তন্নিঃসারয় চিত্তান্মে পাপং হূঁ ফট্ চ তে নমঃ।।

ওঁ সূর্যঃ সোমো যমঃ কালো মহাভূতানি পঞ্চ চ।
এতে শুভাশুভস্যেহ কর্মণো নব সাক্ষিণঃ।।

পুণ্যাহবাচন — (আতপ তণ্ডুল নিয়ে পাঠ ও বিকিরণ) —

হ্রীঁ কর্তব্যেহস্মিন্ শ্রীমদ্দক্ষিণকালিকা রহস্য পূজাকর্মণি
হ্রীঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু। (৩ বার)
হ্রীঁ পুণ্যাহং।। (৩ বার)
হ্রীঁ কর্তব্যেহস্মিন্ শ্রীমদ্দক্ষিণকালিকা রহস্য পূজাকর্মণি
হ্রীঁ স্বস্তিং ভবন্তো ব্রুবন্তু। (৩ বার)
হ্রীঁ স্বস্তি।। (৩ বার)
হ্রীঁ কর্তব্যেহস্মিন্ শ্রীমদ্দক্ষিণকালিকা রহস্য পূজাকর্মণি
হ্রীঁ ঋদ্ধিং ভবন্তো ব্রুবন্তু। (৩ বার)
হ্রীঁ ঋদ্ধ্যতাম্।। (৩ বার)

ওঁ হ্রীং হূং স্বস্তি নঃ কাত্যায়নী অপর্ণাশ্রবা স্বস্তি নঃ কালী হ্রৌং মেধামৃতময়ী হূং স্বস্তি নঃ প্রত্যঙ্গিরা দেবতা দধাতু, হ্রীং শ্রীং হুং ফট্ স্বাহা।।

ওঁ সর্ব্বাশ্চ দেবাশ্চ বিভীতকশ্চ প্রভঞ্জতাং মেরুসুবর্ণাদায়ী।

কালোর্দ্ধ মা মা সচেন্দ্রিয়াং শ্রিয়ো বিবিক্তরাগায় পুনর্ভবায় বৈ।।

সঙ্কল্প —

(কুশীতে জল, তিল, বিল্বপত্র, রক্তপুষ্প, বিবিধ যন্ত্রপুষ্প, হরিতকী, গন্ধ, কুশ, অক্ষত বাম করতলে স্থাপন করে ও দক্ষিণ করতল দ্বারা আচ্ছাদন করে দক্ষিণ জানু পেতে বীরাসনে উত্তরমুখী বা পূর্বমুখী হয়ে বলতে হবে)

বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি অমুকরাশিস্থে ভাস্করে অমুক পক্ষে অমুক তিথৌ অমুক-গোত্রঃ অমুক দেবশর্মা দেবীপ্রীতিকামো গুর্বাদিনানাদেবতা পূজা-পূর্বকং দক্ষিণকালিকায়াঃ রহস্য-পূজন-কর্মাহং করিষ্যে (পরার্থে — করিষ্যামি)।

হস্তস্থিত পাত্র ঈশান কোণে উপুড় করে দিয়ে তদুপরি অক্ষত বিকিরণ করতঃ পাঠ—

ওঁ ইন্দ্রাদ্যানো বিবেশী পুষ্টাং মা-কৃণোতি সতাং সিঞ্চধ্বং
গ্রহিতামমরোতিঃ স্বর্গমাদধৎ।।

পরে কৃতাঞ্জলি হয়ে পাঠ করবে —

ওঁ সংকল্পিতার্থাঃ সিধ্যন্তু সিদ্ধাঃ সন্তু মনোরথাঃ।
ভক্তিজ্ঞানোদয়ায় চঅয়মারম্ভঃ শুভায় ভবতু।।

ঘটস্থাপন —

ঘট-প্রোক্ষণ — ক্লীং। তাড়ণ — ঐং। ঘটস্থাপন— হ্রীং। জলপূরণ — হ্রীং।

তীর্থাবাহণ —

হ্রীঁ গঙ্গাদ্যাঃ সরিতঃ সর্ব্বাঃ সমুদ্রাশ্চ সরাংসি চ।
সর্বে সমুদ্রাঃ সরিতঃ সরাংসি জলদানদাঃ।।
হ্রদাঃ প্রস্রবণাঃ পুণ্যাঃ স্বঃ পাতালমহীগতাঃ।
সর্বতীর্থানি পুণ্যানি ঘটে কুর্বন্তু সন্নিধিম্।।

নবরত্ন/পঞ্চরত্নদান — হ্রীং।

গন্ধ— নমঃ। পুষ্প— যং। দূর্বা— হ্রীং সকর্পূর গন্ধপুষ্প— হ্রীং। পঞ্চপল্লব — শ্রীং। সাক্ষত শরাব — হ্রীং শ্রীং। ফল — হূং। স্থিরীকরণ — স্ত্রীং। বস্ত্রযুগল — নমঃ। সিঁদুর — শ্রীং। অভ্যুক্ষণ — ওঁ। তাড়ণ — হূং ফট্ স্বাহা। স্থিরীকরণ — স্থাং স্থীং হ্রীং শ্রীং স্থিরীভব।

দেবী গায়ত্রী (১০ বার) —

ক্রীং কালিকায়ৈ বিদ্মহে
শ্মশানবাসিন্যৈ ধীমহি
তন্নো ঘোরে প্রচোদয়াৎ।

দেবীভাবনা।।

কামিনীদেবীর ধ্যান ঃ— জপ বা পূজা করবার পূর্বেই সাধক নিজ হৃদয়ে অঙ্কুশ বীজ

(ক্রোঁ) দশবার জপ করে রক্তবর্ণ নাভি-কমলের উপর সর্ব-কামনা সিদ্ধি-দায়িনী শ্রীশ্রীকামিনীদেবীর নিম্নলিখিত রূপ ধ্যান করবে। যথা —

"সিংহস্কন্ধসমারূঢ়াং রক্তবর্ণং চতুর্ভুজাং।
নানালঙ্কারভূষাঢ্যাং রক্তবস্ত্রবিভূষিতাং।
শঙ্খচক্রধনুর্ব্বাণ-বিরাজিতকরাম্বুজাং।
কামিনীং প্রথমং ধ্যাত্বা জপপূজাং সমাচরেৎ।।"

দেবীর ধ্যানান্তে মনে মনে পূজাপূর্বক তাঁর বীজ 'কং' এই মন্ত্র ভক্তিভাবে দশবার জপ করবে।

মন্ত্রাচমন —

জলপান — ক্রীঁ (৩ বার)

ওষ্ঠদ্বয় মার্জন— ওঁ কাল্যৈ নমঃ। ওঁ কপালিন্যৈ নমঃ। **হস্ত প্রক্ষালন**—ওঁ কুল্বায়ৈ নমঃ। **মুখে** — ওঁ কুরুকুল্বায়ৈ নমঃ। **দক্ষ নাসা**— ওঁ বিরোধিন্যৈ নমঃ। **বাম নাসা**— ওঁ বিপ্রচিত্তায়ৈ নমঃ। **দক্ষ চক্ষু**— ওঁ উগ্রায়ৈ নমঃ। **বাম চক্ষু**— ওঁ উগ্রপ্রভায়ৈ নমঃ। **দক্ষ কর্ণ**— ওঁ দীপ্তায়ৈ নমঃ। **বাম কর্ণ**— ওঁ নীলায়ৈ নমঃ। **নাভি**— ওঁ ঘনায়ৈ নমঃ। **বক্ষ**— ওঁ বলাকায়ৈ নমঃ। **মস্তক**— ওঁ মাত্রায়ৈ নমঃ। **দক্ষ স্কন্ধ**— ওঁ মুদ্রায়ৈ নমঃ। **বাম স্কন্ধ**— ওঁ মিতায়ৈ নমঃ।

সামান্যার্ঘ স্থাপন — মণ্ডল অঙ্কন করে গন্ধপুষ্পে পূজা —

ওঁ এতে গন্ধপুষ্পে আধারশক্তয়ে নমঃ।
ওঁ এতে গন্ধপুষ্পে কূর্মায় নমঃ।
ওঁ এতে গন্ধপুষ্পে অনন্তায় নমঃ।
ওঁ এতে গন্ধপুষ্পে পৃথিব্যৈ নমঃ।

কোশা প্রক্ষালন — ফট্। **জল পূর্ণকরণ** — নমঃ।

অঙ্কুশমুদ্রায় তীর্থাবাহন —

ওঁ গঙ্গে চ যমুনে চৈব গোদাবরি সরস্বতি।
নর্মদে সিন্ধু কাবেরি জলেহস্মিন্ সন্নিধিং কুরু।।

গন্ধপুষ্প কোশার জলে প্রদান — ওঁ। কোশায় অর্ঘ্যদান করে মুদ্রা প্রদর্শন করো। **অবগুণ্ঠন** — হুঁ। **ধেনুমুদ্রা** — বং। যোনিমুদ্রা দেখিয়ে মৎস্যমুদ্রায় আচ্ছাদন করে ৮ বার মন্ত্র জপ — ওঁ

দ্বারপূজা ঃ—

সামান্যার্ঘ্যজলে দ্বারদেশ অভ্যুক্ষণ — ফট্

আবাহন — ওঁ দ্বারদেবতাঃ ইহাগচ্ছত ইহাগচ্ছত, ইহতিষ্ঠত, ইহতিষ্ঠত, ইহসন্নিধত্ত ইহ সন্নিরুধ্যধ্বম্, অত্রাধিষ্ঠানং কুরুত, মম পূজাং গৃহ্ণীত।

গন্ধপুষ্পে পূজা —

হ্রীঁ গাং এতে গন্ধপুষ্পে গণেশায় নমঃ।
হ্রীঁ ক্ষাং এতে গন্ধপুষ্পে ক্ষেত্রপালায় নমঃ।
হ্রীঁ বাং এতে গন্ধপুষ্পে বটুকায় নমঃ।
হ্রীঁ যাং এতে গন্ধপুষ্পে যোগিনীভ্যো নমঃ।
হ্রীঁ গাং এতে গন্ধপুষ্পে গঙ্গায়ৈ নমঃ।
হ্রীঁ যাং এতে গন্ধপুষ্পে যমুনায়ৈ নমঃ।
হ্রীঁ শ্রীং এতে গন্ধপুষ্পে লক্ষ্ম্যৈ নমঃ।
হ্রীঁ ঐং এতে গন্ধপুষ্পে সরস্বত্যৈ নমঃ।
হ্রীঁ ঐং এতে গন্ধপুষ্পে অস্ত্রেভ্যো নমঃ।
হ্রীঁ ঐং এতে গন্ধপুষ্পে অষ্টমাতৃকাভ্যো নমঃ।
হ্রীঁ ওঁ এতে গন্ধপুষ্পে ব্রহ্মণে নমঃ।
হ্রীঁ ওঁ এতে গন্ধপুষ্পে বাস্তুপুরুষায় নমঃ।

মাষভক্তবলি ও ভূতাপসারণ ঃ—

স্ববামে গোময় দ্বারা যোনিমুদ্রায় △ ত্রিকোণ মণ্ডল অঙ্কন করে ভূতগণের আবাহন।

ওঁ ভূতাদয় ইহাগচ্ছত ইহাগচ্ছত, ইহতিষ্ঠত ইহতিষ্ঠত ইহ সন্নিধত্ত ইহ সন্নিরুধ্যধ্বম্ অত্রাধিষ্ঠানং কুরুত, মম পূজাং গৃহ্ণীত।।

পঞ্চোপচারে ঐ মণ্ডলে পূজা —

ওঁ এষঃ গন্ধঃ ভূতাদিভ্যো নমঃ।
ওঁ ইদং সচন্দনপুষ্পং ভূতাদিভ্যো নমঃ।
ওঁ এষ ধূপো ভূতাদিভ্যো নমঃ। (ঘন্টাবাদ্য)
ওঁ এষ দীপো ভূতাদিভ্যো নমঃ। (ঘন্টাবাদ্য)

মৃৎপাত্রে হরিদ্রাচূর্ণ, মাষকলাই, দই, আতপ তণ্ডুল, আলতামিশ্রিত মাষভক্তবলি স্থাপন ও প্রোক্ষণ (৩ বার) —

বং এতস্মৈ মাষভক্তবলয়ে নমঃ।

গন্ধপুষ্পে —

এতে গন্ধপুষ্পে এতস্মৈ মাষভক্তবলয়ে নমঃ।
এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ শ্রীবিষ্ণবে নমঃ।
এষ মাষভক্তবলিঃ ওঁ ভূতাদিভ্যো নমঃ।

করযোড়ে পাঠ —

ওঁ ভূতাঃ প্রেতাঃ পিশাচাশ্চ যে বসন্ত্যত্র ভূতলে

তে গৃহ্নন্তু ময়া দত্তো বলিরেষঃ প্রসাধিতঃ।।
পূজিতা গন্ধপুষ্পাদ্যৈর্বলিভিস্তর্পিতাস্তথা।
দেশাদস্মাদ্বিনিঃসৃত্য পূজাং পশ্যন্তু মৎকৃতাম্।।

জলগণ্ডুষ করে —

ওঁ ভূতাদয়ঃ ক্ষমধ্বম্।

পরে একটি পাত্রে খই, দূর্বা, কুশ, চন্দন, শ্বেতসর্ষপ, তণ্ডুল ইত্যাদি একত্র করে ওঁ অস্ত্রায় ফট্ এই মন্ত্র তদুপরি সাতবার জপ করে নিম্নোক্ত মন্ত্রে নারাচমুদ্রায় ছড়িয়ে দেবে ও ঘণ্টা বাদন করবে।—

ওঁ সর্ববিঘ্নানুৎসারয় হূং ফট্ স্বাহা।
ওঁ অসর্পন্তু তে ভূতা যে ভূতা ভুবি সংস্থিতাঃ।
যে ভূতা বিঘ্নকর্তারস্তে নশ্যন্তু শিবজ্ঞয়া।।

ভূমিশুদ্ধি —

ওঁ রক্ষ রক্ষ হূঁ ফট্ স্বাহা — ভূমিতে জলমুষ্টি দান।

যোনিমুদ্রায় ভূমিস্পর্শ —

ওঁ পবিত্র বজ্রভূমে হূঁ হূঁ ফট্ স্বাহা।

আসনশুদ্ধি —

ভূমিতে আসনের নিম্নে মণ্ডল অঙ্কন — [ক্ষ]

পূজা — ওঁ এতে গন্ধপুষ্পে আধারশক্ত্যাদিভ্যো নমঃ

আসন স্পর্শ করে পাঠ —

ওঁ অস্য আসনমন্ত্রস্য মেরুপৃষ্ঠঋষিঃ সুতলং ছন্দঃ কূর্ম্মো দেবতা আসনোপবেশনে বিনিয়োগঃ।

করযোড়ে পাঠ —

ওঁ পৃথ্বি ত্বয়া ধৃতা লোকা দেবি ত্বং বিষ্ণুনা ধৃতা।
ত্বঞ্চ ধারয় মাং নিত্যং পবিত্রং কুরু চাসনম্।।

আসনের ওপর মণ্ডল অঙ্কন — [ক্ষ]

ওঁ আঃ সুরেখে বজ্ররেখে হূং ফট্ স্বাহা।

ঐ মণ্ডল পূজা —

এতে গন্ধপুষ্পে হ্সৌঃ সদাশিব-মহাপ্রেত-পদ্মাসনায় নমঃ।

অধিবাস —

প্রতিক্ষেত্রে দেবী গায়ত্রী পাঠপূর্ব্বক বলতে হবে —

দেবী গায়ত্রী —

ক্রীং কালিকায়ৈ বিদ্মহে শ্মশানবাসিন্যৈ ধীমহি তন্নো ঘোরে প্রচোদয়াৎ।।

১। ওঁ হ্রীঁ অনয়া হরিদ্রয়া অস্যাঃ শ্রীমদ্দক্ষিণকালিকা দেবতায়াঃ শুভাধিবাসনমস্তু।
২। ওঁ হ্রীঁ অনেন গন্ধেন অস্যাঃ শ্রীমদ্দক্ষিণকালিকা দেবতায়াঃ শুভাধিবাসনমস্তু।
৩। ওঁ হ্রীঁ অনয়া মহ্যা অস্যাঃ শ্রীমদ্দক্ষিণকালিকা দেবতায়াঃ শুভাধিবাসনমস্তু।
৪। ওঁ হ্রীঁ অনেন গন্ধেন অস্যাঃ শ্রীমদ্দক্ষিণকালিকা দেবতায়াঃ শুভাধিবাসনমস্তু।
৫। ওঁ হ্রীঁ অনয়া শিলয়া অস্যাঃ শ্রীমদ্দক্ষিণকালিকা দেবতায়াঃ শুভাধিবাসনমস্তু।
৬। ওঁ হ্রীঁ অনেন ধান্যেন অস্যাঃ শ্রীমদ্দক্ষিণকালিকা দেবতায়াঃ শুভাধিবাসনমস্তু।
৭। ওঁ হ্রীঁ অনয়া দূর্ব্বয়া অস্যাঃ শ্রীমদ্দক্ষিণকালিকা দেবতায়াঃ শুভাধিবাসনমস্তু।
৮। ওঁ হ্রীঁ অনেন পুষ্পেণ অস্যাঃ শ্রীমদ্দক্ষিণকালিকা দেবতায়াঃ শুভাধিবাসনমস্তু।
৯। ওঁ হ্রীঁ অনেন ফলেন অস্যাঃ শ্রীমদ্দক্ষিণকালিকা দেবতায়াঃ শুভাধিবাসনমস্তু।
১০। ওঁ হ্রীঁ অনেন দধ্না অস্যাঃ শ্রীমদ্দক্ষিণকালিকা দেবতায়াঃ শুভাধিবাসনমস্তু।
১১। ওঁ হ্রীঁ অনেন ঘৃতেন অস্যাঃ শ্রীমদ্দক্ষিণকালিকা দেবতায়াঃ শুভাধিবাসনমস্তু।
১২। ওঁ হ্রীঁ অনেন স্বস্তিকেন অস্যাঃ শ্রীমদ্দক্ষিণকালিকা দেবতায়াঃ শুভাধিবাসনমস্তু।
১৩। ওঁ হ্রীঁ অনেন সিন্দূরেন অস্যাঃ শ্রীমদ্দক্ষিণকালিকা দেবতায়াঃ শুভাধিবাসনমস্তু।
১৪। ওঁ হ্রীঁ অনেন শঙ্খেন অস্যাঃ শ্রীমদ্দক্ষিণকালিকা দেবতায়াঃ শুভাধিবাসনমস্তু।
১৫। ওঁ হ্রীঁ অনেন কজ্জলেন অস্যাঃ দক্ষিণকালিকা দেবতায়াঃ শুভাধিবাসনমস্তু।
১৬। ওঁ হ্রীঁ অনয়া রোচনয়া অস্যাঃ শ্রীমদ্দক্ষিণকালিকা দেবতায়াঃ শুভাধিবাসনমস্তু।
১৭। ওঁ হ্রীঁ অনেন সিদ্ধার্থেন অস্যাঃ শ্রীমদ্দক্ষিণকালিকা দেবতায়াঃ শুভাধিবাসনমস্তু।
১৮। ওঁ হ্রীঁ অনেন কাঞ্চনেন অস্যাঃ শ্রীমদ্দক্ষিণকালিকা দেবতায়াঃ শুভাধিবাসনমস্তু।
১৯। ওঁ হ্রীঁ অনেন রৌপ্যেণ অস্যাঃ শ্রীমদ্দক্ষিণকালিকা দেবতায়াঃ শুভাধিবাসনমস্তু।
২০। ওঁ হ্রীঁ অনেন তাম্রেণ অস্যাঃ শ্রীমদ্দক্ষিণকালিবা দেবতায়াঃ শুভাধিবাসনমস্তু।
২১। ওঁ হ্রীঁ অনেন চামরেণ অস্যাঃ শ্রীমদ্দ. ক্ষণকালিকা দেবতায়াঃ শুভাধিবাসনমস্তু।
২২। ওঁ হ্রীঁ অনেন দর্পণেন অস্যাঃ শ্রীমদ্দক্ষিণকালিকা দেবতায়াঃ শুভাধিবাসনমস্তু।
৩। ওঁ হ্রীঁ অনেন দীপেন অস্যাঃ শ্রীমদ্দক্ষিণকালিকা দেবতায়াঃ শুভাধিবাসনমস্তু।
২৪। ওঁ হ্রীঁ অনেন প্রশস্তিপাত্রেণ অস্যাঃ শ্রীমদ্দক্ষিণকালিকা দেবতায়াঃ শুভাধিবাসনমস্তু।
২৫। ওঁ হ্রীঁ অনেন মাঙ্গল্যসূত্রেণ অস্যাঃ শ্রীমদ্দক্ষিণকালিকা দেবতায়াঃ শুভাধিবাসনমস্তু।
২৬। ওঁ হ্রীঁ অনেন মাঙ্গল্যদ্রব্যেণ অস্যাঃ শ্রীমদ্দক্ষিণকালিকা দেবতায়াঃ শুভাধিবাসনমস্তু।

(৫।৭ টি দূর্বান্বিত হরিদ্রারঞ্জিত ডোর দেবীর বামহস্তে বাঁধতে হবে।)

গুরুপ্রণাম —

শিরসি(বামে)— সশক্তিক গুরু নাম শ্রীপাদুকাভ্যো নমঃ।

তদূর্ধ্বে — সশক্তিক পরমগুরু নাম শ্রীপাদুকাভ্যো নমঃ।

তদূর্ধ্বে — সশক্তিক পরাপরগুরু নাম শ্রীপাদুকাভ্যো নমঃ।

তদূর্ধ্বে — সশক্তিক পরমেষ্ঠিগুরু নাম শ্রীপাদুকাভ্যো নমঃ।

দক্ষিণে — গং গণেশায় নমঃ। ঊর্ধ্বে — ব্রহ্মাণে নমঃ। অধে— অনন্তায় নমঃ। পশ্চাতে— ক্ষাং ক্ষেত্রপালেভ্যো নমঃ। সম্মুখে— ক্রীং শ্রীমদ্দক্ষিণকালিকায়ৈ নমঃ।

করশুদ্ধি —

দক্ষিণহস্তে রক্তপুষ্প গ্রহণ— হেসৌঁ। উভয় করতলদ্বারা মর্দন— আং হুঁ ফট্ স্বাহা। বামহস্তে মস্তকের চতুর্দিকে ভ্রামিত— ক্লীং। ঘ্রাণ— ঐং। ঈশাণকোণে নারাচমুদ্রায় নিক্ষেপ— ফট্।

বস্ত্রাঞ্চলে গ্রন্থিদান —

ওঁ মণি ধরি বজ্রিণি মহাপ্রতিসরে রক্ষ রক্ষ হূং ফট্ স্বাহা।।

পুষ্পশুদ্ধি —

প্রোক্ষণ — ওঁ শতাভিষেক হুঁ ফট্ স্বাহা।

পুষ্প অভ্যুক্ষণ — ওঁ পুষ্প কেতু রাজার্হতে শতায় সম্যক্ সম্বন্ধায় হুঁ।

নারাচ মুদ্রায় স্পর্শ— ওঁ পুষ্পে পুষ্পে মহাপুষ্পে সুপুষ্পে পুষ্পসম্ভবে।
পুষ্পচয়াবকীর্ণে চ হূং ফট্ স্বাহা।।

দিব্যবিঘ্ননিবারণ — ঊর্ধ্বদিকে দৃষ্টি — ক্রীং।

দিগ্বন্ধন — ঊর্ধ্বোর্ধ্ব তালত্রয় রক্ষণ—ফট্।
ছোটিকা—ফট্ (১০ দিকে)

ভূমিবিঘ্ননিবারণ — বাম গোড়ালি দিয়ে ভূমিতে আঘাত—ফট্ (৩ বার)

অন্তরিক্ষবিঘ্ননিবারণ —হস্তে জল নিয়ে উপরের দিকে ছিটানো—অস্ত্রায় ফট্।

দেবতা ও পূজ্যাদ্রব্যশুদ্ধি —

প্রোক্ষণ — ক্রীং ফট্ (৩ বার) ধেনুমুদ্রা প্রদর্শন।।

মন্ত্রশুদ্ধি —

১ বার অনুলোম ক্রমে পাঠ —

অং ক্রীং অং। আং ক্রীং আং। ইং ক্রীং ইং। ঈং ক্রীং ঈং।
উং ক্রীং উং। ঊং ক্রীং ঊং। ঋং ক্রীং ঋং। ৠং ক্রীং ৠং।
ঌং ক্রীং ঌং। ৡং ক্রীং ৡং। এং ক্রীং এং। ঐং ক্রীং ঐং।
ওং ক্রীং ওং। ঔং ক্রীং ঔং। অং ক্রীং অং। অঃ ক্রীং অঃ।
কং ক্রীং কং। খং ক্রীং খং। গং ক্রীং গং। ঘং ক্রীং ঘং।
ঙং ক্রীং ঙং। চং ক্রীং চং। ছং ক্রীং ছং। জং ক্রীং জং।
ঝং ক্রীং ঝং। ঞং ক্রীং ঞং। টং ক্রীং টং। ঠং ক্রীং ঠং।

ডং ক্রীং ডং। ঢং ক্রীং ঢং। ণং ক্রীং ণং। তং ক্রীং তং।
থং ক্রীং থং। দং ক্রীং দং। ধং ক্রীং ধং। নং ক্রীং নং।
